উম্মাতুন ওয়াহিদাহ

আমরা এক উম্মাহ

ইস্যু - ০২ | যিলহজ্ব- ১৪৪০ হিজরি

জামাআত কায়িদাতুল জিহাদের অফিসিয়াল ম্যাগাজিন
উম্মাতুন ওয়াহিদাহ- ইস্যু-০২ এর নির্বাচিত প্রবন্ধ অনুবাদ

উম্মাতুন ওয়াহিদাহ অনুবাদ পরিবার

সম্পাদকঃ আবু যুবাইদা

সহকারী সম্পাদকঃ খালিদ আব্দুর রহমান

অনুবাদক

সাইফুল ইসলাম

জামিল মাহমুদ

মুহাম্মাদ সালমান

আবু দুজানা

সালাহুদ্দীন

গ্রাফিক্স ডিজাইন

আব্দুল কুদ্দুস

প্রকাশের তারিখ

শাবান, ১৪৪২ হিজরি

এপ্রিল, ২০২১ ইংরেজি

AL HIKMAH MEDIA

সূচী

০৪. আমেরিকা জ্বলছে!

০৭. ‘করোনা মহামারী: বৃদ্ধদের চিকিৎসার ব্যাপারে ইসলামিক শরীয়াহ এবং পশ্চিমা দর্শনের দৃষ্টিভঙ্গির পার্থক্য’

১০. সংস্কৃতি: গুপ্তচরবৃত্তির শক্তিশালী মাধ্যম

১৯. ‘বিপ্লবের কেন্দ্র থেকে কয়েক পলক দৃষ্টিপাত’

২২. ধ্বংসের মুখে আমেরিকান অর্থনীতি (দ্বিতীয় পর্ব)

২৮. কার্টুন: বর্তমান যুগের এক মারাত্মক ব্যাধি

৩৫. “রাজনীতি এবং চরিত্র গঠনে ইউসুফ (আ.) মুজাহিদদের জন্য অনুকরণীয়”

৪০. এক শহীদের তরে

৪৮. বিশুদ্ধ রক্তস্নাত আফগান (শেষপর্ব)

৫২. দ্বিতীয় আসর: ইমাম আযযাম ও বিন লাদেন ইমামদ্বয়ের হত্যা ও তাকফীরের মাসআলাসমূহ

৬৭. ‘মুসলিম বিশ্বের খবরাখবর’

৭০. অনন্য কবিতা

আমেরিকা জ্বলছে!

উম্মাতুন ওয়াহিদাহ | ০৪

করোনা, অভ্যন্তরীণ বিভাজন, বর্ণবাদ, নাজুক অর্থনীতি ও মুজাহিদদের আক্রমণ; এগুলো হলো আমেরিকার পেন্টাগনের কফিনের পাঁচটি পেরেক। সর্বশক্তিমান আল্লাহ, আমেরিকার অবয়ব ধ্বংস করাতে একের পর এক নিদর্শন দেখিয়ে যাচ্ছেন। এক অদৃশ্য, অদেখা সৈনিক কোভিড-১৯, আমেরিকার পচা দেহ ধীরে ধীরে গিলে খাচ্ছে। আমেরিকার অবস্থা এখন এমন এক রোগীর মতো যার রোগ প্রতিরোধ ক্ষমতা খুবই দুর্বল। রোগের সব উপসর্গ দেখা দিয়েছে।

বেলুনের মত ফুলে উঠা আমেরিকার সুদভিত্তিক অর্থনীতি ফেটে যাবার দ্বারপ্রান্তে পৌঁছে গিয়েছে। আর এটা শুধু আমেরিকার জন্যই হুমকি নয় বরং এটা গোটা পশ্চিমা বিশ্বের জন্যও হুমকি। আমেরিকায় লক্ষ লক্ষ লোক বেকার হয়ে পড়েছে। রেশনের লাইনগুলোর দৈর্ঘ্য মাইল ছাড়িয়েছে। আসন্ন অর্থনৈতিক ধ্বস থামানোর ব্যর্থ প্রচেষ্টা হিসেবে আমেরিকা ট্রিলিয়ন ট্রিলিয়ন ব্যাংক নোট ছাপাচ্ছে। ন্যান্সি পেলোসি ৩ ট্রিলিয়ন ডলার ছাপানোর প্রস্তাব দিয়েছে। পতন ঠেকানোর জন্য রিপাবলিকান দলের নেতা মিচ ম্যাককনেল আমেরিকার অর্থনীতিতে ২.৫ ট্রিলিয়ন ডলার ইঞ্জেক্ট করার কথা বলেছে। এটা তো কেবল শুরু। আত্মহত্যার হার, অভ্যন্তরীণ বিশৃঙ্খলা ও বিভাজন সমাজের সকল পর্যায়ে ছড়িয়ে পড়েছে। ট্রাম্প ও পেলোসি সারাক্ষণ তাদের প্রিয় শখ, গালাগালিতে ব্যস্ত। পেলোসি, ট্রাম্পকে মোটা বৃদ্ধ লোক বলে উপহাস করে আর ট্রাম্প তাকে মানসিক বিকারগ্রস্ত মহিলা হিসেবে বর্ণনা করে। ন্যান্সি, প্রতি উত্তরে এমন সব জবাব দেয় যা এখানে উল্লেখ করার মতো নয়। আমেরিকা জুড়ে সশস্ত্র বিক্ষোভ হচ্ছে। গৃহযুদ্ধ বাধার উপক্রম হয়েছে। সর্বশেষ গৃহযুদ্ধ আমেরিকার জন্মের সূচনা করেছিল; আর এই গৃহযুদ্ধে ইনশাআল্লাহ এর পতন হবে।

আর এই যুগান্তকারী পরিবর্তনগুলো ঘটেছে একজন গরীব অ্যাফ্রো আমেরিকানের মাধ্যমে। চারজন শ্বেতাঙ্গ পুলিশ, জর্জ ফ্লয়েড নামের এই কৃষ্ণাঙ্গ লোককে শ্বাসরোধ করে হত্যা করেছিল। ফ্লয়েড মৃত্যুর আগে "আমি শ্বাস নিতে পারছি না" বলে অনেকবার বাঁচার আকুতি জানিয়েছিল। কিন্তু বর্ণবাদী দাম্ভিকতা দিয়ে তা উপেক্ষা করে আমেরিকান শ্বেতাঙ্গ পুলিশ। সম্ভবত এই গরীব লোকটি - নিকট অতীতে তার পূর্বপুরুষদের সাথে শ্বেতাঙ্গ আমেরিকানরা কী করেছিল তা ভুলে গিয়েছিল। মার্কিন সমাজের বৃহদাংশ জর্জ ফ্লয়েডের হত্যার প্রতিবাদে বিক্ষোভে ফেটে পড়ে, মিশরীয়রা যেমন খালিদ সায়িদের হত্যার প্রতিবাদ করেছিল।

এরকম নৈরাজ্যের প্রতিবাদে আমেরিকার জনগণ রাস্তায় নেমে এসেছিল। শ্বেতাঙ্গ, কৃষ্ণাঙ্গ, চরমপন্থী, বর্ণবাদী, বামপন্থী, হত দরিদ্র - সকলেই এসেছিল তাদের ক্ষোভ প্রকাশ করার জন্য। জ্বালাও-পোড়াও, লুটপাট, হাইওয়ে অবরোধ, কারফিউ, আমেরিকার রাস্তাগুলোর নিত্য নৈমিত্তিক চিত্র হয়ে দাঁড়িয়েছিল। ট্রাম্প তার নিজের জনগণকে হুমকি দিয়েছিল যে, যদি তারা বিক্ষোভ বন্ধ না করে তাহলে এটা দমন করার জন্য সে হিংস্র কুকুর ও প্রাণঘাতী অস্ত্র ব্যবহার করবে।

গাদ্দাফী তার বিখ্যাত 'জাংকা জাংকা' হুমকির মাধ্যমে তার নিজের দেশের জনগণকে যেমন শাসিয়েছিল, ট্রাম্পও অনেকটা তাই করেছিল।

মুজাহিদরা, উম্মাহকে আমেরিকার অত্যাচার থেকে রক্ষার জন্য, আমেরিকার উপর একের পর এক আক্রমণ চালিয়েই যাচ্ছেন। তাঁরা আল্লাহর প্রতি পূর্ণ বিশ্বাস ও উম্মাহর সমর্থনে - ক্রমাগত আমেরিকাকে আক্রমণ করছেন। তাঁদের সর্বশেষ আক্রমণটি ছিল শহীদ শিমরানীর রেইড। আল্লাহ তাঁকে কবুল করুক। এই উম্মাহর বীরেরা কি দুইটি ওয়াদা - বিজয় কিংবা শাহাদাত - পূর্ণ হওয়া অবধি তাঁদের এই মহান অভিযানে ছুটে চলবে না?

قُلْ هَلْ تَرَبَّصُونَ بِنَا إِلَّا إِحْدَى الْحُسْنَيَيْنِ ۖ وَنَحْنُ نَتَرَبَّصُ بِكُمْ أَنْ يُصِيبَكُمُ اللَّهُ بِعَذَابٍ مِنْ عِنْدِهِ أَوْ بِأَيْدِينَا ۖ فَتَرَبَّصُوا إِنَّا مَعَكُمْ مُتَرَبِّصُونَ

আপনি বলুন, তোমরা তো তোমাদের জন্যে দুটি কল্যাণের একটি প্রত্যাশা কর; আর আমরা প্রত্যাশায় আছি তোমাদের জন্যে যে, আল্লাহ তোমাদের আযাব দান করুন নিজের পক্ষ থেকে অথবা আমাদের হস্তে। সুতরাং তোমরা অপেক্ষা কর, আমরাও তোমাদের সাথে অপেক্ষমাণ। [সূরা আত-তাওবা,৯: ৫২]

আমেরিকার অত্যাচার বা যে কোনো অত্যাচার সম্বন্ধে, আমরা আল-কায়েদার 'জিহাদের সাধারণ দিক-নির্দেশনা' রচনার পনেরো নাম্বার পয়েন্টটি স্মরণ করিয়ে দিতে চাই। আর তা হলো, "যেকোনো অত্যাচারিত ও পরাধীন মানুষ যেখানেই অত্যাচারের শিকার হোক না কেনো, তারা হোক মুসলিম কিংবা অমুসলিম; আমরা তাদের সাহায্য করি"।
হে অ্যাফ্রো আমেরিকান সম্প্রদায়,

গণতন্ত্রবাদীদের মিষ্টি কথায় ভুলবেন না। তারা রিপাবলিকানদের থেকে ভিন্ন নয়। তাদের মুখ ফসকে একটা কথা বের হলেই আপনার ব্যাপারে তাদের মনোভাব কেমন আপনি তা বুঝতে পারবেন। তারা আপনাকে হোয়াইট হাউজের দাস ছাড়া কিছুই মনে করে না, যা শহীদ ম্যালকম এক্স যথার্থভাবে খুঁজে বের করেছিলেন। এটা খুব আগের কথা নয়, যখন বাইডেন একজন আমেরিকান সাংবাদিককে বলেছিল, 'সে কৃষ্ণাঙ্গ হলে ট্রাম্পকে ভোট দিত না'। আমেরিকার কৃষ্ণাঙ্গরা জানে যে, সকল ডেমোক্রেটরা কেবল তাদের ধনসম্পদ, ভোটব্যাংক, প্রভাব প্রতিপত্তির প্রতি আগ্রহী।

বাইডেন ও ওবামা, আট বছরেরও বেশি ক্ষমতায় ছিল। তারা যা কিছু করেছিল তা হলো আপনাদের উপর বছরের পর বছর ধরে চলে আসা অবিচার, অত্যাচার, দারিদ্রতা ও বর্ণবাদ যেন সামনের বছরগুলোতে চলে সেটা নিশ্চিত করা। তারা বিলিয়ন বিলিয়ন ডলার দিয়ে তাদের ব্যাংক একাউন্ট পূর্ণ করেছে। ওবামা যখন হোয়াইট হাউসে প্রবেশ করেছিল তখন তার ব্যাংক একাউন্টে মিলিয়ন ডলারও ছিল না। হোয়াইট হাউস থেকে যখন বের হলো তখন তার ব্যাংক একাউন্টে মিলিয়ন মিলিয়ন ডলার জমা। সেই সাথে প্রাসাদের মতো বাড়ি, অনেক জমি জমা।

ক্লিনটন, আট বছর হোয়াইট হাউসে কাটিয়েছে। মিলিয়ন মিলিয়ন ডলার তার ব্যাংক একাউন্টে সরিয়েছে, আপনাদের দুঃখ কষ্টের সময়ও। ন্যান্সি পেলোসি কয়েক দশক ধরে কংগ্রেসের সদস্য হিসেবে আছে। সেও আপনাদের জন্য সামান্যই উদ্বিগ্ন। তার ভাবখানা এমন, তার ফ্রিজ দামি দামি খাবারে ভরা থাকবে ঐ সময়েও যখন আমেরিকান কৃষ্ণাঙ্গরা ক্ষুধা নিবারণের জন্য সামান্য খাবারটুকুও পায় না। এই দুরবস্থা থেকে মুক্তি পাওয়ার জন্য আপনাদের একমাত্র উপায় হলো, শহীদ ম্যালকম এক্স-এর উপদেশ অনুসরণ করা। ইসলামকে আলিঙ্গন করার মাধ্যমে এবং তার মূল্যবান উক্তি আত্মস্থ করার মাধ্যমে। তিনি বলেছিলেন, "স্বাধীনতার মূল্য হলো প্রকৃত মৃত্যু"। যদি আপনাদের পূর্বপুরুষরা গুরুত্বের সাথে এই উপদেশগুলো গ্রহণ করত, তাহলে আজকে আপনারা স্বাধীন থাকতেন। সুতরাং, স্বাধীনতার উপর দাসত্বকে গ্রহণ করে আপনার ভবিষ্যৎ প্রজন্মের প্রতি অবিচার করবেন না।

করোনা মহামারী

‘বৃদ্ধদের চিকিৎসার ব্যাপারে ইসলামিক শরীয়াহ এবং পশ্চিমা দর্শনের দৃষ্টিভঙ্গির পার্থক্য’

সালমান আন-নজদি



আল্লাহর অতিক্ষুদ্র সৈনিক কোভিড-১৯ এর মাধ্যমে অনেকগুলো তিক্ত সত্য প্রকাশিত হয়েছে। ইসলামী বিশ্বের মূল্যবোধ এবং সামাজিক রীতিনীতিগুলোর বিপরীতে পশ্চিমা সমাজের মৌলিক মানবাধিকারের স্বরূপ উন্মোচিত হয়েছে। পাশ্চাত্যের সমাজ ব্যবস্থার ভঙ্গুরতা, করোনায় আক্রান্ত প্রবীণদের চিকিৎসার দুরাবস্থার মাধ্যমে প্রকাশিত হয়েছে। এ প্রবন্ধে আমরা মহামারী, সংক্রামক রোগের সময়ে মৃত্যু এবং বয়স্কদের চিকিৎসা সম্পর্কিত দৃষ্টিভঙ্গিতে ইসলামী এবং পাশ্চাত্য সমাজের মধ্যে পার্থক্যগুলো সংক্ষিপ্তাকারে আলোচনা করতে চাই।

মুসলিমরা করোনার মতো মহামারীকে আল্লাহর একটি পরীক্ষা এবং তাদের পাপের শাস্তি হিসাবে বিবেচনা করেন। তারা এই ধরনের পরীক্ষাকে তাওবা করে আল্লাহর কাছে প্রত্যাবর্তনের মাধ্যম হিসেবে দেখেন। মনে এই আশা রাখেন যে, তিনি এই দুর্যোগটি প্রত্যাহার করবেন। মুসলিমরা মহামারীকে তাদের তাকদীরের অংশ বলে মনে করেন। তারা মনে করেন এধরণের মহামারীতে যারা মারা যান তাদের গুনাহ মাফ করে দেওয়া হয় এবং তারা শাহাদাতের মর্যাদা লাভ করেন - যেমনটা আল্লাহর রাসুল মুহাম্মাদ ﷺ বলেছেন।
বয়স্ক এবং গরীবদের সঙ্গে অত্যন্ত সম্মানজনক আচরণের নির্দেশ দিয়েছে ইসলাম। তাদের জন্য, বিশেষ করে বয়স্কদের জন্য সুচিকিৎসা, সম্মান প্রদর্শন, সেবা-যত্ন নিশ্চিত করা ইসলাম বাধ্যতামূলক করে দিয়েছে। যৌবনে সমাজের উন্নতির জন্য এবং মুমিন নারী পুরুষের একটি প্রজন্মের সুন্দরভাবে বেড়ে ওঠার জন্য যে ভূমিকা তাঁরা রেখেছিলেন তার এক ধরণের স্বীকৃতি - এই সম্মান প্রদর্শন বা সেবা যত্নের বিষয়টি।

মুসলিম সমাজ সম্মিলিতভাবে, যারা অতীতে সমাজের উন্নতিকল্পে অবদান রেখেছিলেন তাঁদের যত্ন নেওয়ার দায়িত্ব, উত্তরাধিকার সূত্রে লাভ করেছে। ইসলামী শরীয়তের মূলনীতিগুলোর মধ্যে অন্যতম হল - বড়দের শ্রদ্ধা করা, দুর্বল এবং গরীবদের সাথে সদয় আচরণ করা।

আবু মুসা আল আশ'আরি (রা.) থেকে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ ﷺ বলেছেন,

"সাদা দাড়িওয়ালা মুসলিমকে সম্মান করা আল্লাহর প্রশংসা করার অংশ"

অবিশ্বাসী পাশ্চাত্যের কুরআনের নৈতিকতার সাথে পরিচয় নেই। ওহীর জ্ঞানের আলোয় আলোকিত সমাজে বেড়ে ওঠার সুযোগও তারা পায় না। বয়স্কদের সম্মান-শ্রদ্ধার বিষয় সম্পর্কে তাদের কোনো ধারণা নেই। বয়স্কদের তারা বোঝা মনে করে। সমাজ বা রাষ্ট্রের জন্য বয়স্করা বোঝাস্বরূপ তা পাশ্চাত্যের অনেকেই প্রকাশ্যে বলে বেড়ায়!
তারা মনে করে বৃদ্ধ বাবা-মা বা সমাজের প্রবীন ব্যক্তিরা যেহেতু আর উৎপাদনশীল কর্মযজ্ঞে অংশ নিতে পারছে না তাই তাদের উচিত স্বেচ্ছায় 'আরামদায়ক মৃত্যুর' সুযোগ গ্রহণ করে রাষ্ট্রকে বোঝা বহনের হাত থেকে মুক্তি দেওয়া। প্রকৃতপক্ষে পশ্চিমা দর্শন মানুষকে একটা উৎপাদনশীল যন্ত্র হিসেবে দেখে। যতক্ষণ সে সমাজকে সার্ভিস দিতে পারছে ততক্ষণ সবকিছু ঠিকঠাক। কিন্তু যখন তার এই কর্মক্ষমতা শেষ হয়ে যায়, তখন সমাজের বোঝা হয়ে থাকার চেয়ে স্বেচ্ছায় মৃত্যু বরণ করে নেওয়াকে উৎসাহিত করে।

করোনা, পশ্চিমা মূল্যবোধের বিরুদ্ধে যুদ্ধে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। এ যুদ্ধে করোনা কিছুই হারায়নি বরং দিন দিন তার অর্জনের পাল্লা ভারী হচ্ছে। প্রতি দিনই পশ্চিমাদের সুদভিত্তিক অর্থনৈতিক ব্যবস্থার বিরুদ্ধে আরও বেশি সাফল্য আসছে। পুরো বিশ্ব প্রত্যক্ষ করছে, মানবাধিকারের জয়গান গাওয়া পশ্চিমা সমাজ কীভাবে তাদের বয়স্ক নাগরিকদের অধিকার পদদলিত করছে! বিশ্ব দেখছে কীভাবে পাশ্চাত্য, তাদের বয়স্ক নাগরিকদের আগলে রাখার পরিবর্তে অসহায় মানুষগুলোকে করোনার হাতে ছেড়ে দিয়েছে। স্পেনের প্রতিরক্ষামন্ত্রী ঘোষণা করেছে, জীবাণুমুক্তকরণ অভিযানের সময় বৃদ্ধাশ্রমগুলোতে তারা ডজন ডজন মৃতদেহ আবিষ্কার করছে।

করোনা সংক্রমণের ভয়ে আত্মীয়-স্বজন এবং নার্সিং কর্মীরা এই বৃদ্ধদের পরিত্যাগ করে পালিয়ে যায়। একই ধরণের ঘটনা ঘটেছে আমেরিকা, বৃটেন, জার্মানি এবং ইউরোপের বাকি অংশে। পরিসংখ্যান অনুসারে, বৃটেনে প্রতি পাঁচ মিনিটে একজন বয়স্ক ব্যক্তি বৃদ্ধাশ্রমে মারা যাচ্ছে। নিউ জার্সিতে, একটি বিশাল বৃদ্ধাশ্রমে পুলিশ কয়েক ডজন মৃতদেহ আবিষ্কার করেছে। ফ্রান্সে চিকিৎসকরা কোনো ধরণের পূর্ব সংকেত ছাড়াই দায়িত্ব ত্যাগ করে পালিয়েছে। বৃদ্ধদের ফেলে রেখে গিয়েছে অনাহারে কিংবা করোনা ভাইরাসের হাতে মৃত্যুবরণ করার জন্য।

যে সত্যটি অবশ্যই সামনে আনতে হবে তা হল, সমসাময়িক পশ্চিমা দর্শন করোনা ভাইরাসকে তাদের সমাজের জন্য একটা 'চূড়ান্ত সমাধান' মনে করে। তারা মনে করে এর মাধ্যমে বিশ্ব অর্থনীতির বোঝা বৃদ্ধরা মরে সাফ হয়ে তাদের মুক্তি দিবে বোঝা বহনের হাত থেকে।

পশ্চিমা বস্তুবাদের চূড়ান্ত বর্বর আচরণের সাক্ষী হচ্ছি আমরা। আমরা এমন এক বিশ্ব ব্যবস্থায় রয়েছি যা কোভিড -১৯ কে রাজনৈতিক ও আর্থ-সামাজিক ময়দান সমতল করার একটি উল্লেখযোগ্য সুযোগ হিসাবে বিবেচনা করে। এ কারণেই বৃদ্ধাশ্রমগুলো বয়স্কদের জন্য মর্গে পরিণত হয়েছে। প্রবীণ প্রজন্ম, নতুন প্রজন্মের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে। অনেকেই খোলাখুলিভাবে পাশ্চাত্যে বয়স্কদের প্রতি শ্রদ্ধা, ভালোবাসার প্রচন্ড অভাবের বিষয়ে মুখ খুলেছেন। প্রবীণ প্রজন্ম অনুভব করতে পারছে পাশ্চাত্য সমাজে তারা অনাহূত, এই সমাজ আর তাদের চায় না। পাশ্চাত্য সমাজ তাদের থেকে মুক্তি চায়। ইসলামের নিয়ামাত পেয়ে আমরা আল্লাহর কাছে কৃতজ্ঞতা আদায় করছি। কাফিরদের উপর প্রাধান্য দিয়ে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা আমাদেরকে তাঁর দ্বীনের পথ প্রদর্শন করেছেন- একারণে আমরা তাঁর কাছে কৃতজ্ঞ। আমরা কখনই হেদায়াত পেতাম না, যদি তিনি আমাদের হেদায়াতের পথে পরিচালিত না করতেন। নিশ্চয়ই আমাদের রাসূলগণ সত্য নিয়ে এসেছিলেন।

পরিশেষে আমরা মুসলিমদের মনে করিয়ে দিতে চাই - তাদের বয়স্কদের যত্ন নেবার ব্যাপারে। কখনো যেন এমনটা না হয় যে, তাঁরা সেবা-যত্নের অভাব অনুভব করছেন। আমাদের এমনভাবে বয়স্কদের সেবা যত্ন করা উচিত যেন তাঁরা মনে করেন আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞ, আমরা তাঁদের প্রতি ঋণী। নবী করীম ﷺ যেমন আদেশ করেছেন, তেমনি তাদের সেবা করে আল্লাহর কাছ থেকে আমাদের পুরষ্কার অর্জন করা দরকার। আমাদের অবশ্যই তাদেরকে শ্রদ্ধা করতে হবে এবং তাদের প্রতি বিনয়ী হতে হবে। আমাদের অবশ্যই মোহাব্বতের সাথে কথা বলতে হবে। বিভিন্ন বিষয়ে তাঁদের কাছে দিকনির্দেশনা চাইতে হবে। তাঁদের জীবনের অভিজ্ঞতা থেকে উপকৃত হতে হবে। যদি আমরা এটি করি, তাহলে তা আমাদের মনস্তাত্ত্বিক এবং সামাজিক অবস্থার উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখবে। একমাত্র আল্লাহ তায়ালাই সঠিক পথ প্রদর্শন করেন এবং সমস্ত প্রশংসা বিশ্বজগতের পালনকর্তা আল্লাহরই।

আবু মুসা আল আশ'আরি (রা.) থেকে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ ﷺ বলেছেন, "সাদা দাড়িওয়ালা মুসলিমকে সম্মান করা আল্লাহর প্রশংসা করার অংশ"।



সংস্কৃতি: গুপ্তচরবৃত্তির শক্তিশালী মাধ্যম

আব্দুল আজিজ আল মাদানী

আমরা সবাই জানি, দুটো দলের মাঝে লড়াই কেবল সামরিক সরঞ্জামাদি ব্যবহারের মাধ্যমে হয় না। ইতিহাস সাক্ষী, যখন কোনো যুদ্ধ সমাপ্ত হয়, তখন কেবল সামরিক ফ্রন্টটাই বন্ধ হয়। এর বাইরে অন্যান্য ফ্রন্ট ঠিকই চালু থাকে যতক্ষণ পর্যন্ত বিবাদমান দুটি শক্তির উভয়টি অবশিষ্ট থাকে। আর অন্যান্য ফ্রন্ট বলতে আমরা বোঝাচ্ছি, সামরিক ফ্রন্টের সঙ্গে প্রকৃত অর্থে সম্পর্ক থাকে যে সমস্ত ফ্রন্টের। যেমন নিরাপত্তা পরিষদ, অর্থনীতি বিভাগ এবং সংস্কৃতি বিভাগ। এরপর এসমস্ত বিভাগের কার্যক্রম যাতে ব্যাহত না হয়, তার জন্য নিরাপত্তা পরিষদের দায়িত্ব বরাবরের মতোই বহাল থাকে। আমাদের এই প্রবন্ধের বিষয়বস্তু মূলতঃ এটাই। আর এই দায়িত্ব পালনের মাধ্যম এবং প্রক্রিয়া বহুবিধ। এগুলোর মধ্যে বেশিরভাগই প্রকাশ্য, কিন্তু সবচেয়ে ভয়ানক ব্যাপারগুলো অধিকাংশেরই দৃষ্টির আড়ালে। আর তেমনি একটা ফ্রন্ট হচ্ছে সাংস্কৃতিক ফ্রন্ট।

সংক্ষিপ্ত এ প্রবন্ধে আমাদের প্রচেষ্টা থাকবে, বিজাতীয় সাংস্কৃতিক ফ্রন্ট এবং মুসলিম বিশ্বের উপর তার সাংস্কৃতিক আগ্রাসনের ভয়াবহতার ব্যাপারে সতর্ক করা। এজন্য আমরা বিগত বছরগুলোতে এ বিষয়ের সবচেয়ে 'ভয়াবহ'-খ্যাত একটি গ্রন্থের পর্যালোচনা করবো। অনেক গবেষকই গ্রন্থটিকে এ বিশেষণেই উল্লেখ করেছেন। কারণ গ্রন্থটিতে গুরুত্বপূর্ণ যে বিষয়গুলো এসেছে, তার মধ্যে রয়েছে—মার্কিন গুপ্তচরবৃত্তির কলাকৌশল, সাংস্কৃতিক ব্যক্তিত্ব এবং বুদ্ধিজীবীদের ব্যবহারে তাদের বিভিন্ন পন্থা, শত্রুপক্ষের বিরুদ্ধে মার্কিন সভ্যতার সাংস্কৃতিক আগ্রাসনের বিবিধ উপায়, সাংস্কৃতিক এই যুদ্ধে সাংস্কৃতিক ব্যক্তিত্ব এবং 'সুশীল সমাজের' অংশগ্রহণের গোপন তথ্য, একদল সাংস্কৃতিক ব্যক্তিত্বকে তাদের অজ্ঞাতেই পৃষ্ঠপোষকতা এবং সমর্থন দিয়ে আমেরিকার নিজের পক্ষে ব্যবহার, গোটা বিশ্বে সাংস্কৃতিক আগ্রাসনে মার্কিন ডলারের রহস্যময় ভূমিকা—এ জাতীয় বিষয়গুলো।

গ্রন্থটির নাম হচ্ছে— "দি কালচারাল কোল্ড ওয়ার"। গ্রন্থটি প্রণয়ন করেছে সাংবাদিক এবং ইতিহাসবিদ 'ফ্রান্সেস স্টোনর স্যান্ডার্স'। অনুবাদ করেছেন ওস্তাদ ত্বল'আত শাএব। ইন্টারনেটে খুঁজলেই কিতাবটি পাওয়া যাবে।

বক্ষ্যমাণ প্রবন্ধে কোনোরকম ঐতিহাসিক গবেষণা, অথবা ইতিহাসের জ্ঞান সমৃদ্ধি আমাদের উদ্দেশ্য নয়। আর না গ্রন্থে সন্নিবেশিত প্রতিটি বিষয়ের পর্যালোচনা এবং মূল্যায়ন অথবা সংস্কৃতির পারিভাষিক সংজ্ঞা নিয়ে লেখিকার সঙ্গে বিতর্ক করা আমাদের উদ্দেশ্য। এখানে আমাদের মূল উদ্দিষ্ট বিষয় হলো, আমাদের বিরুদ্ধে যুদ্ধে শত্রুর মূলনীতি এবং কৌশল সম্পর্কে জ্ঞান লাভ করা। যাতে যে সমস্ত বিষয় শত্রুর পরিকল্পনাকে বাস্তবায়ন করে, সাফল্যের পথে শত্রুকে অগ্রসর করে এবং ইসলাম ও মুসলিমদের ক্ষতি সাধন করে, সেসব বিষয় থেকে আমরা দূরে থাকতে পারি।

বিগত বছরগুলোতে আমরা এদেশীয় কিছু লোকের কতক এমন ফতোয়া, গবেষণাপত্র এবং থিসিস দেখতে পেয়েছি, যেগুলো দ্বারা ইসলামের শত্রুরাই সবচেয়ে বেশি আনন্দিত হয়েছে। এসবের মধ্যে কিছু রয়েছে এমন ফতোয়া, যা মার্কিন বাহিনীতে চাকরি করাকে বৈধ বলে। কিছু ফতোয়ায় মুজাহিদদেরকে কারমাতিদের (একটি শিয়া সম্প্রদায়) সঙ্গে তুলনা করা হয়েছে। কতক ফতোয়ায় "ব্রেমের"কে মুসলিমদের শরীয়ত সম্মত শাসক ধরে নিয়ে তাঁর আনুগত্যের আবশ্যকতা আলোচনা করা হয়েছে।

একইভাবে আমরা ওই সময়টাতে কতক এমন ব্যক্তির বহুল প্রচারিত প্রবন্ধ-নিবন্ধ এবং রচনাবলী লক্ষ্য করেছি, যারা আমেরিকার প্রত্যক্ষ তত্ত্বাবধানে শিক্ষা লাভ করেছে। এদের মাঝে রয়েছে ফেতহুল্লাহ গুলেন, হাফতার প্রমুখের মতো ব্যক্তিবর্গ। প্রচার মাধ্যমগুলোতে, বিশেষ করে সৌদি এবং মিশরের পত্রিকাগুলোতে আরো এমন কিছু লোকের মুখবন্ধ এবং ভূমিকা ছাপা হয়েছে, যারা মানসিক বিকারগ্রস্ত। এসবের ফলে একটা সময় এমনকিছু চিন্তা এবং ধ্যানধারণা সমাজে ছড়িয়ে পড়েছে, যা দেখে হতবাক হয়ে নিজের মনকেই জিজ্ঞেস করতে হয়, বর্তমান সময়ে এতটা ফলাও করে কী কারণে এ সমস্ত চিন্তা চেতনা প্রচার করা হচ্ছে? এতটা প্রচার-প্রচারণা কেন এসবের জন্য? সে সমস্ত ধ্যান ধারণার মধ্যে রয়েছে 'শরীয়তে ইসলামী, পূর্ণাঙ্গ ইসলামী শাসন ব্যবস্থার নাম নয়', 'উম্মতে মুসলিমার ঐক্যের নিয়ামক খেলাফত ব্যবস্থা অপ্রয়োজনীয়'—এর মত উদ্ভট ধারণা।

এরপর আরও রয়েছে ইসরাইলের কাছে মৈত্রীপত্র প্রেরণ, হলোকাস্ট উপলক্ষে তাদের প্রতি সমবেদনা, ফিলিস্তিনে ইহুদীদের বিরুদ্ধে জিহাদ শরীয়ত সম্মত কিনা—সে বিষয়ে পুনর্মূল্যায়ন এবং ইসরায়েল রাষ্ট্রকে স্বীকৃতি দানের মতো বিষয়গুলো। পরিতাপের বিষয় হলো, এইসমস্ত চিন্তা চেতনা এবং ধ্যান ধারণার কথা মুসলিম বিশ্বের অন্যতম সর্ববৃহৎ ইসলামী বিদ্যাপীঠ এবং শিক্ষাকেন্দ্র থেকেই প্রকাশ পেয়েছে। এসমস্ত গবেষণাপত্র এবং থিসিসের চাইতেও বড় আশ্চর্যের বিষয় হলো, সৌদি সরকার, আমিরাত সরকার, তুর্কি সরকার এবং কাতার সরকার এসমস্ত শিক্ষা কেন্দ্রকে পৃষ্ঠপোষকতা দান করেছে। তারা এই সমস্ত গবেষণাপত্র এবং থিসিস প্রকাশ করে আমেরিকা ও ক্রুসেডার পশ্চিমাদের স্বার্থে এগুলো ব্যবহার করেছে।

এ সমস্ত সরকারই ইহুদিদের প্রতি তাদের হলোকাস্ট দিবসে সমাবেদনা ব্যক্ত করে। আমি জিজ্ঞেস করতে চাই, হিরোশিমা এবং নাগাসাকির স্মৃতি স্মরণে কেনো তারা জাপানিদের প্রতি সমবেদনা ব্যক্ত করে না? ভিয়েতনামে মার্কিন আগ্রাসনের স্মরণে কেনো তারা ভিয়েতনামীদের প্রতি সমবেদনা ব্যক্ত করে না? নাকি ইহুদীদের সঙ্গে আপোষ এবং সমঝোতার বিষয়গুলো বর্তমান সময়ের ঘটনা? আর তাই আমেরিকা এবং ইহুদিদেরকে তাদেরই আমলা এবং এজেন্টদের সাহায্যে তারাই মুসলিম বিশ্বের উপর আগ্রাসন পরিচালনার অনুপ্রেরণা দিয়ে যাচ্ছে। বাস্তবতা হলো, মুসলিম নামধারী এসমস্ত শাসকদের থেকে বাস্তবিকপক্ষে মুসলিমদের জন্য দুঃখ এবং শোক প্রকাশের বিষয়টি কখনোই আশা করা যায় না। পাঠক! আলোচ্য গ্রন্থখানা পাঠ করার পর আপনি জানতে পারবেন, সাংস্কৃতিক আবহকে নিজেদের অনুকূলে আনার জন্য মার্কিন গোয়েন্দা সংস্থাগুলোর অনুসৃত একটি উপায় হচ্ছে, সাংস্কৃতিক ব্যক্তিত্বদের সঙ্গে যোগাযোগের লক্ষ্যে চ্যানেল তৈরি করা। তবে এ বিষয়ে আমেরিকার পূর্ণ সতর্কতা রয়েছে যে, সাংস্কৃতিক ব্যক্তিত্বরা যেন কোনোভাবেই এ সমস্ত চ্যানেলের পেছনে কারা কলকাঠি নাড়ছে সে বিষয়ে কিছুই জানতে না পারে। আমরা তো মনে করছি, সৌদি চ্যানেল, আমিরাত চ্যানেল এবং কাতার চ্যানেলের চাইতে অধিক বিশ্বস্ত আবার কোনো চ্যানেল হয় নাকি?

মার্কিনিদের আরেকটি কৌশল হলো, নিজেদের অজ্ঞাতে যে সমস্ত সাংস্কৃতিক ব্যক্তিত্ব আমেরিকার দিক-নির্দেশনা অনুযায়ী পরিচালিত হয়, তাদেরকে পৃষ্ঠপোষকতা এবং সমর্থন দেয়া। এই ফাঁদে অধিকাংশ আলেম এবং দাঈ ব্যক্তিত্বরা পা দিয়েছেন। অবশেষে, যখন তাদেরকে ব্যবহারের মাধ্যমে আমেরিকার স্বার্থসিদ্ধি হয়ে যায়, যখন তার পরিকল্পনা বাস্তবায়িত হয়ে যায়, তখন সে আঞ্চলিক দোসর এবং আমলাদেরকে পরামর্শ দেয় সে সমস্ত আহলে এলেম এবং দাঈ ভাইদেরকে বন্দী করতে অথবা অন্য যেকোনো উপায়ে তাদেরকে জনবিচ্ছিন্ন করে ফেলতে।

এই এতটুকুতেই তো ঐ সমস্ত লোকের ব্যাপারে বুদ্ধিমান ব্যাক্তিদের সতর্কতা এবং সচেতনতা লাভ হয়ে যাওয়ার কথা, যারা এই সমস্ত ভ্রান্ত চিন্তাধারা এবং অতি বিরল গবেষণাপত্রগুলোর প্রচারের ক্ষেত্রে নেপথ্যে থেকে কাজ করছে।

তেমনটাই ঘটেছে তোহা ইয়াসিন সাহেবের সঙ্গে। ফ্রান্স থেকে ফেরার পর জাহেলী যুগের কবিতা সম্পর্কে তার বিরূপ দৃষ্টিভঙ্গি এ কথাই প্রমাণ করে। তিনি দাবি করেন যে, এগুলো জাহেলী যুগে রচিত কবিতা নয়। মুসলিমরা কোরআন তাফসির করার জন্য নিজেরাই এগুলো রচনা করেছে! তার এমন বক্তব্যের অপনোদনে কলম ধরেছেন উস্তাদ আল্লামা মুজাহিদ মাহমুদ শাকের রহিমাহুল্লাহ। তিনি প্রমাণ করেছেন, "মুসলিমরা নিজেরাই জাহেলী যুগের কবিতার রচয়িতা"—এমন ধারণা সুচতুর প্রাচ্যবিদ ডেভিড স্যামুয়েল মার্গোলিওথ-এর, যা তোহা হোসাইন সাহেব চুরি করেছেন।

লক্ষ্য করুন! তোহা হোসাইন সাহেব কেমন করে মার্গোলিওথ-এর চিন্তা আমদানি করলেন! আর কেনোই বা তিনি ফ্রান্স থেকে ফেরার পর এই বিষয়টি উত্থাপন করলেন। অথচ ইতিপূর্বে ফ্রান্সে যাবার আগে তিনি জাহেলী কবিতা এবং জাহেলী যুগের কবিদের কথা স্বীকার করতেন! তোহা হোসাইন সাহেবের আসল অবস্থা সম্পর্কে উস্তাদ মুহাম্মদ হুসাইনের বক্তব্য পড়ে দেখুন, তিনি বলেন—

"আরব রাষ্ট্রের বিশ্ববিদ্যালয়গুলোর সাংস্কৃতিক ফোরাম সম্পর্কে কথা হল; এর মূলে রয়েছেন তোহা হোসাইন সাহেব, যার গ্রন্থাদি সাক্ষ্য দেয় যে, তিনি পাশ্চাত্যের একজন মুখপাত্র ছাড়া আর কিছুই নন। বাস্তবে যিনি পশ্চিমাদের একজন আমলা, যার দায়িত্ব হলো বিরাট একটি অঞ্চলে পশ্চিমা সভ্যতা এবং সংস্কৃতির বিস্তার ঘটানো..."

এসব কিছুই প্রমাণ করে, মুসলিম বিশ্বের উপর চলমান সাংস্কৃতিক আগ্রাসনের নেতৃত্ব এবং দিকনির্দেশনা আসছে বাইরের শত্রুদের থেকে। আমাদের জানা নেই তোহা হোসাইন সাহেব ফ্রান্সে কাদের সঙ্গে সাক্ষাৎ করেছেন? মুসলিম বিশ্বে এমন ধারণা প্রচারের জন্য কারা তাকে দায়িত্ব দিয়েছে? এখন তোহা হোসাইন সাহেব জেনে বুঝেও এমন কাজ করে থাকতে পারেন কিংবা হতে পারে নিজের অজ্ঞাতেই তিনি এমনটা করেছেন। ব্যাপারটি যাতে আরো স্পষ্ট হয়ে যায়, সেজন্য দেখুন উস্তায আল্লামা মাহমুদ শাকের রাহিমাহুল্লাহ লুই আওয়াদের মুখোশ উন্মোচন করতে গিয়ে কী লিখেছেন—

"পূর্ব থেকেই আমার ইচ্ছা ছিল, তাছাড়া, আল্লাহ তায়ালার এটাই সিদ্ধান্ত ছিল যে, কোনো একদিন আমি লুই রচিত "বিশেষ কবিতা থেকে প্লুটোল্যান্ড এবং অন্যান্য কবিতা"-এর কিছু অংশ পড়ে দেখবো, যা তিনি "ক্রিস্টোফার স্কাইফ"-এর নিকট প্রেরণ করেছিলেন। এটা ১৯৪৭ (খ্রিস্টাব্দ) সালের ঘটনা। এরপর একসময় আমি স্কাইফ সম্পর্কে গোপন কিছু তথ্য পেলাম যে, সে কায়রো বিশ্ববিদ্যালয়ের সাহিত্য অনুষদের অধ্যাপক এবং ব্রিটিশ উপনিবেশবাদ মন্ত্রণালয়ের পেশাদার একজন গুপ্তচর। তাছাড়া, ধূর্ত এই লোকটির রয়েছে ধর্মপ্রচারের মিশন এবং সাংস্কৃতিক এজেন্ডা। দুশ্চরিত্র, চক্রান্ত, দুরাচার তার মধ্যে বিদ্যমান। সে বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ছাত্রদের মাঝে পার্থক্য করে। তার ভক্ত অনুরাগী এবং মতের পক্ষের ছাত্রদের সঙ্গে সহযোগিতামূলক আচরণ করে আর যারা একনিষ্ঠ ও দ্বীনদার, তাদের সাথে হঠকারিতা এবং বিদ্বেষমূলক আচরণ করে। কারণ এ ধরনের ছাত্রগুলোকে সে ব্রিটিশ নেতৃত্ব এবং খৃষ্টবাদ প্রচার মিশনের শৃঙ্খলে আবদ্ধ করতে পারেনা। তার চেয়ে বড় কথা যেটা আমার জানা ছিল, এই মিথ্যাবাদী দাজ্জাল কেবল অসার দাবিই উত্থাপন করে থাকে। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হবার কোনো যোগ্যতাই তার মাঝে নেই। কিন্তু তৎকালীন সময়ে যেহেতু ব্রিটিশদের প্রভাব বেশি ছিল, শাসন ক্ষমতা যেহেতু তাদের হাতেই ছিল, তাই আজাক্স আওয়াদ "প্লুটোল্যান্ড এবং অন্যান্য কবিতা" গ্রন্থখানা পেশাদার ওই গুপ্তচর, ধূর্ত সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও ধর্মপ্রচারকের কাছে পাঠানোর গোপন বিষয় আমার কাছে ফাঁস হয়ে যায়। বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার দায়িত্বপ্রাপ্ত এই মিথ্যাবাদী দাজ্জাল হচ্ছে 'ক্রিস্টোফার স্কাইফ'।"

আমরা পূর্বের গ্রন্থের আলোচনায় ফিরে যাই। এই গ্রন্থ দ্বিতীয় বিশ্বযুদ্ধ সমাপ্তির পর সোভিয়েত ইউনিয়ন এবং আমেরিকার মধ্যে যে স্নায়ু যুদ্ধ সংঘটিত হয়েছে, তার বিবরণ তুলে ধরেছে। সেখানে উঠে আসে, নিজ নিজ পরিকল্পনা বাস্তবায়নের জন্য কেমন করে সাংস্কৃতিক অঙ্গন এবং সাংস্কৃতিক ব্যক্তিত্বদের ব্যবহার করা হয় এবং কিনে নেয়া হয়। আরো অনেক অন্ধকার দিগন্ত উন্মোচিত হয় গ্রন্থটিতে। এক্ষেত্রে মার্কিন গোয়েন্দা সংস্থাগুলোর লক্ষ্য সুস্পষ্টভাবে তুলে ধরে গ্রন্থটি।

এমনকি ওই সময়টাতে মার্কিন গোয়েন্দা সংস্থাগুলো লেখিকার বর্ণনামতে মার্কিন যুক্তরাষ্ট্রের সাংস্কৃতিক মন্ত্রণালয়ের ভূমিকায় অবতীর্ণ হয়। তখন আমেরিকার সাংস্কৃতিক যুদ্ধ কেবল সোভিয়েত ইউনিয়নের বিরুদ্ধেই ছিল না, বরং আরও বিভিন্ন সভ্যতার বিরুদ্ধে আমেরিকা এই সাংস্কৃতিক যুদ্ধ পরিচালনা করতে থাকে। ইসলামী বিশ্বও তার বাইরে ছিল না। তাই, আমেরিকা ইউসুফ আল খাল (লেবাননের একজন খ্রিষ্টান)-কে পৃষ্ঠপোষকতা দান করে, যে "শে"র ম্যাগাজিনের সম্পাদক ছিল (১৯৫৭ খ্রিষ্টাব্দ)। বিষয়গুলো আমরা সকলেই জানি। আরেকজন হচ্ছে, তৌফিক সায়েগ, যে একজন ফিলিস্তিনি খ্রিস্টান এবং 'হিওয়ার' ম্যাগাজিনের সম্পাদক(১৯৬২ খ্রিস্টাব্দ)। এদের মতো এরকম আরো অনেকেই রয়েছে। এসমস্ত বিষয়ের প্রমাণ হিসেবে লেখিকা এমন কিছু সূত্র তুলে ধরেছে যেগুলো পরবর্তীতে প্রকাশিত হয়ে যায়। এছাড়াও লেখিকা সিআইএ-এর কতিপয় সদস্যের সঙ্গে সাক্ষাৎ করেছিল, যারা সূত্রগুলোর বিশ্বস্থতা নিশ্চিত করেছে।

গ্রন্থের ১৭৭ নং পৃষ্ঠায় সিআইএ সদস্য ডোনাল্ড জেমসের একটি উক্তি রয়েছে, যেখানে তার চাকরির লক্ষ্য স্পষ্টভাবে উঠে এসেছে: "এসমস্ত নির্দেশনা মোতাবেক সংস্থার পরিকল্পনা ছিল নিজেদের রুটিনমাফিক সক্রিয়তা চলমান রাখবে। সংস্থার সদস্যদের টার্গেট ছিল- তারা এমন কিছু লোক তৈরি করবে, যারা মনে করবে, মার্কিন যুক্তরাষ্ট্র যা কিছু করছে, যে সমস্ত সিদ্ধান্ত নিচ্ছে, সবই সম্পূর্ণ সঠিক। শুধু তাই নয়, তারা একথা মনেপ্রাণে বিশ্বাস করবে যে, এই মতামত তাদের একান্তই নিজস্ব; অন্য কারো কাছ থেকে ধার করে নেয়া নয়"।

দুই শিবিরের মাঝে সংঘটিত লড়াইয়ের মূল ঘটনা হলো, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর মার্কিন গোয়েন্দা সংস্থা গোপনে ১৯৫০ সালে বার্লিনে কংগ্রেস ফর কালচারাল ফ্রিডম (CCF) প্রতিষ্ঠা করে। এর উদ্দেশ্য ছিল বিশ্বব্যাপী মার্কিন সাংস্কৃতিক আবহ সৃষ্টি করার লক্ষ্যে সংস্কৃতি এবং সাংস্কৃতিক ব্যক্তিত্বদের একটি জগত আবিষ্কার করা। এ লক্ষ্যে আমেরিকা ৩৫ টিরও অধিক রাষ্ট্রে অফিস দেয়। যুদ্ধবিধ্বস্ত ইউরোপকে নিজেদের সাংস্কৃতিক বলয়ে আনার জন্যই মূলত আমেরিকার এই প্রয়াস। পাশাপাশি বিশ্বকে নেতৃত্ব দানের আবহ তৈরি এবং ঐসময়কার একক পরাশক্তি সোভিয়েত ইউনিয়নের সুযোগকে নষ্ট করাও উদ্দেশ্য হিসেবে কাজ করেছে। কারণ সোভিয়েত ১৯৪৭ সালে কমিউনিস্ট ইনফর্মেশন অফিস "কমিনফোর্ম" প্রতিষ্ঠা করে। এই কমিনফোর্ম প্রতিষ্ঠার অন্যতম গুরুত্বপূর্ণ লক্ষ্য ছিল, সমাজতন্ত্রের প্রসার। সাংস্কৃতিক এই যুদ্ধে ফ্রান্স প্রথম সারিতে ছিল।

এরপর ষাট দশকের মাঝামাঝিতে কংগ্রেস ফর কালচারাল ফ্রিডম (CCF)- স্ট্রাটেজির বিচারে গুরুত্বপূর্ণ বিশ্বের অন্যান্য অঞ্চল যেমন: আফ্রিকা, আরব ভূখণ্ড এবং চীনে নিজেদের সাংস্কৃতিক প্রভাব বিস্তারের লক্ষ্যে ব্যাপকভাবে তাদের প্রকাশনা এবং সাহিত্যকর্ম প্রচার করতে থাকে। আর এই পুরো সাংস্কৃতিক সংস্থা পরিচালনার ভার থাকে নিকোলাস নবোকভ (আমেরিকায় পাড়ি জমানো একজন রাশিয়ান লেখক), মাইকেল জোসেলসন (আমেরিকান), মেলভিন জোনা লাস্কি (আমেরিকান)— এমন কয়েকজনের হাতে।

এদিকে সাংস্কৃতিক ব্যক্তিত্বদের মধ্যে যারা জেনে না জেনে এই সংস্থার হয়ে কাজ করেছিল, তাদের মধ্যে উল্লেখযোগ্য হলো— জর্জ অরওয়েল (ব্রিটিশ), ইসাইহ বেরলিন (রাশিয়ান এবং ব্রিটিশ), জঁ-পল সার্ত্র (ফরাসি), আর্নেস্ট হেমিংওয়ে (আমেরিকান), সিডনি হুক (আমেরিকান), ম্যারি ম্যাকার্থি (আমেরিকান), বার্ট্রান্ড রাসেল (ব্রিটিশ) প্রমুখ ব্যক্তিবর্গের মত এমন আরও অনেকেই।

অপরদিকে যারা মার্কিন সাংস্কৃতিক এই অগ্রযাত্রার বিপক্ষে অবস্থান নিয়েছে অথবা অন্ততপক্ষে নিরপেক্ষতা অবলম্বন করেছে, তারা বিভিন্নভাবে মার্কিন গোয়েন্দা সংস্থাগুলোর টার্গেটে পরিণত হয়েছে। যেমন পাবলো নেরুদা। ১৯৭৩ সালে মার্কিন গোয়েন্দা সংস্থা তাকে হত্যা করে। গোয়েন্দা সংস্থাগুলো এতটাই কঠোরতা অবলম্বন করেছিল যে, তারা যেকোনো ধরনের সাংস্কৃতিক সৃজনশীলতা, সাহিত্যকর্ম এবং সাংস্কৃতিক ব্যক্তিত্বদের যেকোনো ধরনের সক্রিয়তা ও কর্মতৎপরতাকে নজরদারির আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছিল। উদ্দেশ্য ছিল পরিকল্পনার বাইরে যাতে কিছু না হয়ে যায়। কঠোর এই নজরদারি এবং নিশ্ছিদ্র গুপ্তচরবৃত্তি সহ্য করতে না পেরে সাহিত্যিকদের অনেকেই আত্মহত্যা করে। যেমন আর্নেস্ট হেমিংওয়ে। মার্কিন গোয়েন্দা সংস্থা তাকে কঠোর নজরদারিতে রাখার কারণে সে আত্মহত্যা করে।

সাংস্কৃতিক সরঞ্জামের সাহায্যে সাংস্কৃতিক যুদ্ধ পরিচালনার জন্য মার্কিন গোয়েন্দা সংস্থাগুলো বহুবিধ মাধ্যম ব্যবহার করে। তন্মধ্যে উল্লেখযোগ্য হলো— উপন্যাস এবং সিনেমা, ম্যাগাজিন প্রকাশ, আর্ট গ্যালারি নির্মাণ। এছাড়াও তারা বিভিন্ন রাষ্ট্রীয় সম্মেলন এবং সংগীতানুষ্ঠানের আয়োজন করে।

শুধু তাই নয়, তারা বিভিন্ন সাহিত্য উপন্যাসে সংযোজন-বিয়োজন করে অথবা বক্তব্যের মূলভাব বিকৃত করে সরাসরি সেগুলোতে হস্তক্ষেপ পর্যন্ত করে, যেমনটা জর্জ অরওয়েলের বিখ্যাত উপন্যাস "অ্যানিমেল ফার্ম" -এ ঘটেছে। এছাড়াও আরো বিভিন্ন উপন্যাস এবং বইপত্রে তারা এ কাজ করেছে।

আশ্চর্যের একটি বিষয় হলো, যা লেখিকা তার গ্রন্থে ৩৭৪ নং পৃষ্ঠায় উল্লেখ করেছে—জর্জ ওরওয়েলের যে সমস্ত উপন্যাসে হস্তক্ষেপ হয়েছে এবং যেগুলো আর্থিক আনুকূল্য লাভ করেছে, সে সমস্ত উপন্যাসের একটির ভূমিকায় লেখা হয়েছে— সংস্কৃতিকর্মী - যে স্বাধীন মনোবৃত্তি এবং মুক্ত মানসিকতা অনুভব করে, তার তুলনায় অর্থ তেমন গুরুত্বপূর্ণ কিছুই নয়!!!

শুধু কি তাই! জর্জ অরওয়েলকে সামরিক প্রশিক্ষণ দিয়ে এমন এক গুপ্তচর হিসেবে গড়ে তোলা হয়েছে, যার কাজ হল, মার্কিনিদের সঙ্গে অসহযোগী সাংস্কৃতিক ব্যক্তিত্বদের ব্যাপারে তথ্য সরবরাহ করা। এ বিষয়ে লেখিকা ৩২৭ নং পৃষ্ঠায় যা বলে তা হলো—

"কিন্তু জর্জ অরওয়েল নিজেও এই যুদ্ধের পরিকল্পনা থেকে মুক্ত ছিল না। সে সর্বাবস্থায় এসবের সঙ্গে যুক্ত ছিল। সে প্রচার গবেষণা বিভাগে একটি তালিকা দিয়েছিল, যাতে এমন ৩৬ জনের নাম ছিল, যাদেরকে সমাজতন্ত্রের প্রতি আন্তরিক ধরা হতো কিংবা যাদের আনুষ্ঠানিকভাবে সমাজতান্ত্রিক দলের সঙ্গে যুক্ত থাকার সম্ভাবনা ছিল। "

গোয়েন্দা সংস্থাগুলোর ভূমিকা এখানেই শেষ নয়! বরং তারা বহু উচ্চ সাহিত্যমানের ম্যাগাজিনকে পৃষ্ঠপোষকতা দিয়ে সেগুলোর উপর প্রভাব বিস্তার করে। সেইসাথে সাংস্কৃতিক কর্মীদের মোটা অঙ্কের বেতন ও বস্তুগত সহায়তা প্রদানের দায়িত্ব গ্রহণ করে। এসব ভাতা এবং সহায়তার উৎস কোথায়, তা এসমস্ত ম্যাগাজিনের দায়িত্বশীলরা এবং সেগুলোতে কর্মরত সাংস্কৃতিক কর্মীদের জ্ঞান গোচরের বাইরে ছিল না। বিষয়টা গ্রন্থে এভাবে এসেছে— "অধিকাংশ বুদ্ধিজীবী এবং লেখকদের আর্থিক আনুকূল্যের প্রধান নিয়ামক শক্তির রূপরেখা হলো এমন যে, কেউ কিছু করলে বিনিময় লাভ করবে। আমার বিশ্বাস, ব্যাপারটি এরকম—কোনো বৈশিষ্ট্য ব্যতিরেকে সাধারণভাবে তাদের সকলের আর্থিক আনুকূল্য গ্রহণের সুযোগ থাকবে। চাই যে উৎস থেকেই তা আসুক না কেনো! আর এভাবেই সারাবিশ্বে বিভিন্ন সংগঠন, দাতব্য প্রতিষ্ঠান ও কল্যাণসংঘ এমন এক বিরাট মাতৃস্তন্য-এর ভূমিকা পালন করেছে, যে কেউ ইচ্ছা করলে যা থেকে দুগ্ধ পান করার সুযোগ লাভ করতে পারে। ...অতঃপর সে নিজ কাজ করতে পারে। ...চাই সেই উৎস থেকে আনুকূল্য গ্রহণের ব্যাপারে তার সম্মতি থাক কিংবা না থাক, সেই উৎসের কথা তার জানা থাক কিংবা না থাক। কারণ সে সময়টায় বহু পশ্চিমা বুদ্ধিজীবী গোপন সোনালী সুতার টানে সিআইএ-'র সঙ্গে যুক্ত হয়ে গিয়েছিল। "

লেখিকা এ প্রসঙ্গে তাদের একজনের ভাষায় আরো বলে—
"আমরা হাসি তামাশা এবং সাধারণ আলাপচারিতায় এ বিষয়টা নিয়ে আসতাম। বন্ধুবান্ধবদের নিয়ে কোথাও দুপুরের খাবার খেতে গেলাম। যখন তারা বিল মেটাতে গেলো, দেখা গেলো আমরা বলে ফেললাম—না না...তোমরা বিল রেখে চলে যাও... আমেরিকান বন্ধুরা মিটিয়ে দেবে"।

পাঠক! দেখুন, মার্কিন ডলার কিরূপে সাংস্কৃতিক ব্যক্তিত্বদের মন ও মানসকে আয়ত্ত করে নিয়েছে। অথচ তাদের দাবি হলো, তারা মুক্তমনা এবং মুক্তচিন্তার অধিকারী।

বিশ্বব্যাপী সাংস্কৃতিক আগ্রাসনে মার্কিন গোয়েন্দা সংস্থাগুলোর আরও একটা পন্থা হলো—আকর্ষণীয় নাম, চটকদার উপাধি ও মুগ্ধকর অভিধা আবিষ্কার করা। উদ্দেশ্য হলো এসব নামের অধীনে বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন তৈরি। যেমন 'দি ন্যাশনাল কমিটি ফর ইন্ডিপেনডেন্ট ইউরোপ'। লেখিকা এ সংগঠন সম্পর্কে লিখতে গিয়ে বলে—

'আল-আন্দালাস' গ্রুপ আদি মার্কিন নাগরিকদের উদ্যোগে এবং সহযোগিতায় 'দি ন্যাশনাল কমিটি ফর ইন্ডিপেনডেন্ট ইউরোপ' গঠন করে। এই সংঘটি সিআইএ-এর সর্বাধিক উচ্চাভিলাষী একটি ফ্রন্ট। ১৯৪৭ সালের ১১ ই মে যখন এটি গঠন হয়, তখন তারা যে উদ্দেশ্যের কথা ব্যক্ত করে তা হল—সোভিয়েত আগ্রাসন এবং সাংস্কৃতিক তৎপরতা প্রতিরোধকল্পে যথার্থ কর্মপরিকল্পনা এবং উপযুক্ত কর্মপন্থা গ্রহণের লক্ষ্যে নির্বাসিত জীবনে ইহুদিদের জন্য বিচিত্র ও বহুমুখী প্রতিভা নির্মাণ। এই সংঘটি সিআইএ -এর সরাসরি দিকনির্দেশনা অনুযায়ী কাজ করতো। সিআইএ কোনো ডকুমেন্ট ছাড়া সংগঠনটির ৯৯ ভাগ আর্থিক খরচ বহন করত। "

পাঠক! আশা করি এ বিষয়গুলো জানার পর ধীরে ধীরে আপনার কাছে স্পষ্ট হচ্ছে, কেনো পাশ্চাত্য এবং তাবেদার আরব সরকার 'মধ্যমপন্থা', 'সম্প্রীতি', 'সমতা', 'সঠিক জিহাদ' ইত্যাদি শিরোনামে এত সেমিনার ও সভার আয়োজন করে থাকে?

একসময় আমেরিকান সভ্যতা সম্পর্কে মানুষের মনে বিকৃত ধারণা ও কদাকার চিত্র উপস্থিত ছিল। আর মার্কিনীরা নিজেদের সর্বোচ্চ চেষ্টা করেও বিষয়টা স্পষ্ট হওয়ার কারণে মানুষের সেই ধারণা দূর করতে পারেনি। যেমন কৃষ্ণাঙ্গ এবং আফ্রিকানদের বিরুদ্ধে তাদের বর্ণবাদী চেতনা। তখন চলচ্চিত্র, সিনেমা এবং সংগীতানুষ্ঠানের মাধ্যমে তাদেরকে আমেরিকান সমাজের অংশ হিসেবে উপস্থাপন করা শুরু করলো। এতে করে কৃষ্ণাঙ্গ ও আফ্রিকানদের ব্যাপারে যে বর্ণবাদী বাস্তবতা সেখানে বিরাজ করছে, তার বাস্তবসম্মত চিত্র ধীরে ধীরে মানুষের মন থেকে মুছে যাওয়া শুরু করলো। সংস্কৃতিচর্চা এবং সাংস্কৃতিক কর্মসূচির মাধ্যমে নিজেদের অনর্থ ও দুষ্কৃতি আড়াল করার জন্য যেসব কর্মকৌশল আজ পর্যন্ত গোয়েন্দা সংস্থাগুলোর কাছে মূল্যায়িত হয়ে এসেছে, তন্মধ্যে এটা অন্যতম"।

এ বিষয়ে লেখিকা তার গ্রন্থে এভাবে আলোচনা করেছে—

"আমেরিকায় বিরাজমান বর্ণবাদ - সোভিয়েত প্রচারণায় খুব বেশি গুরুত্ব পায়। যার দরুন পশ্চিমাবিশ্ব এ বিষয়ে সংশয়ে পড়ে যায় যে, মার্কিন যুক্তরাষ্ট্র গোটা বিশ্ব জুড়ে যে গণতন্ত্র প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দিচ্ছে, সে প্রতিশ্রুতি রক্ষায় আসলেই সে সক্ষম কিনা? তাই, এসমস্ত বিধ্বংসী ধারণা নির্মূল করার লক্ষ্যে এমন কিছুর প্রয়োজন ছিল, যদ্দরুন ইউরোপ জুড়ে আফ্রিকানদের সব রকম অধিকার মার্কিনীরা নিশ্চিত করছে বলে বোঝা যাবে। আর এ কারণে ১৯৪৭ সালের মার্চ মাসে মার্কিন সামরিক আগ্রাসনের একটি বিল পাস হয়েছে। এই বিলটি জার্মানিতে প্রচার করার জন্য একদল আফ্রিকান গায়ককে উচ্চ মর্যাদা দিয়ে সেখানে পাঠানো হয়। আফ্রিকান শিল্পীদের এই প্রচার ও বিজ্ঞাপন সাংস্কৃতিক শীতল যুদ্ধের দায়িত্বশীলদের সামনে মোক্ষম উপায় হয়ে দেখা দিয়েছিল।"

লেখিকা এ প্রসঙ্গে আরো বলে—

" 'আলসপ্প'-এর গোপন রিপোর্টগুলো পাঠ করলে পাঠক হতবাক হয়ে যাবেন। চলচ্চিত্র জগতে সিআইএ -এর অনুপ্রবেশ এবং গোপন তৎপরতা কতটা গভীরে, তা রিপোর্টগুলোতে উঠে এসেছে। অথচ সিআইএ প্রতিনিয়ত বলে যাচ্ছে, তারা এধরনের কিছুই করছে না"।

১৯৫৩ সালের জানুয়ারি মাসের ২৪ তারিখে "চলচ্চিত্র জগতে কৃষ্ণাঙ্গরা" শিরোনামে প্রকাশিত এক প্রতিবেদনে হলিউডে আফ্রিকানদের অভিনয়ের ক্ষেত্রে গৎবাঁধা নিয়মের কথা বিশেষভাবে উল্লেখ করেছে সে। 'আলসপ্প' তাতে বলে—আমেরিকান সমাজচিত্রের অংশ হিসেবে আফ্রিকানরা উন্নত পোশাক পরিধানের ব্যাপারে, বহু চলচ্চিত্র প্রযোজকের সম্মতি লাভ করেছে। তবে সেটা যেন রুচি বিরোধী না হয় এবং ব্যাপারটা ইচ্ছাকৃত হয়েছে বলে মনে না হয়, সেদিকেও তারা সবিশেষ দৃষ্টি রাখে। "আশশারাবুল মুসকার" চলচ্চিত্র, যা এখন নির্মিত হচ্ছে—দুর্ভাগ্যবশত তাতে এ কাজটি করা যায়নি। কারণ যত রকম ঘটনা সবই ঘটে থাকে দক্ষিণাঞ্চলে। চলচ্চিত্রটিতে অচিরেই কৃষক শ্রেণীর আফ্রিকানদেরকে দেখা যাবে। তবে চলচ্চিত্রটির এই শূন্যস্থান পূরণের ব্যবস্থা যেকোনো উপায়ে করে ফেলা হবে। তা হতে পারে এভাবে যে, কোনো একজন বড় কর্মকর্তার বাড়িতে কাজের লোকদের মধ্যে প্রধান হিসেবে সম্মানজনক একটি চরিত্র দেয়া হলো একজন আফ্রিকানকে। যেসব সংলাপে তাকে অংশগ্রহণ করতে হবে, সেখানে এমন একজন স্বাধীন ব্যক্তি হিসেবে তাকে উপস্থাপন করা হবে, যা ইচ্ছে তাই করার অধিকার যার রয়েছে।"

পাঠক! অনুমান করতে পারছেন তো, সময়ে সময়ে মার্কিন প্রশাসন তাদের কাছে থাকা কিছু কিছু বন্দী মুসলিমের বন্দীত্বের চিত্র সহনীয় আকারে কেনো প্রকাশ করে থাকে? আসলে এর উদ্দেশ্য হলো, গুয়ানতানামোবে, আবু গারিব ইত্যাদি কারাগারগুলোর নিষ্ঠুর চিত্র যেন মানুষের মন থেকে মুছে যায়। একইভাবে শাইখ আবু আব্দুর রহমান রহিমাহুল্লাহ'র ট্র্যাজেডিও যেন মানুষ ভুলে যায়।

‘দি কালচারাল কোল্ড ওয়ার’ গ্রন্থের সংক্ষিপ্ত পর্যালোচনার এখানেই ইতি টানছি। এ পর্যায়ে এ বিষয়ে প্রাসঙ্গিক কয়েকটি গ্রন্থের আলোচনা করব, যেগুলো মুসলিম বিশ্বে সাংস্কৃতিক আগ্রাসন প্রতিরোধের জন্য মুসলিম উম্মাহর চিন্তাবিদ ও বিদ্বান মহল প্রণয়ন করেছিলেন। উম্মাহকে বাঁচাতে এবং তাদেরকে সতর্ক করতে তাঁরা অক্লান্ত পরিশ্রম এবং নিরন্তর প্রচেষ্টা করে গেছেন। উস্তাদ আল্লামা মাহমুদ শাকের রহিমাহুল্লাহ ‘আবাতিল ওয়া আসমার’ গ্রন্থের ৭ নং পৃষ্ঠায় মুসলিম উম্মাহর উপর চাপিয়ে দেয়া ভ্রান্ত চিন্তাধারার কুপ্রভাব উল্লেখ করতে গিয়ে বলেন—

“এই রচনাগুলো লেখার পেছনে আমার একটি উদ্দেশ্য রয়েছে, যদিও সে উদ্দেশ্য পূরণের আরো অনেক পন্থা রয়েছে। সে উদ্দেশ্যটি হলো—আমার স্বজাতি আরব ও মুসলিম উম্মাহর পক্ষে প্রতিরোধ গড়ে তোলা। আর এক্ষেত্রে আমি নিজের জন্য এই পন্থা বেছে নিয়েছি যে, অতীতে যারা বিভ্রান্তিকর মুখোশ পরিধান করে অপসংস্কৃতির পক্ষে কাজ করে গেছে এবং আজও যাদের উত্তরসূরিরা সে ধারা অব্যাহত রেখেছে—তাদের মুখোশ উন্মোচন করে দেব। তাদের সকলেরই লক্ষ্য হলো, আমাদের চিন্তা-চেতনায় পৌত্তলিক পশ্চিমা সংস্কৃতির প্রভাব বিস্তার করে আমাদের সমাজ, জীবনাচার এবং সংস্কৃতি — সর্বত্র ওই পশ্চিমা অপসংস্কৃতির রাজ্য প্রতিষ্ঠা করা। আর এভাবেই আমাদের পূর্বপুরুষদের সুদীর্ঘকালের পরিশ্রমে নির্মিত বিরাট কাঠামোকে তারা ধসিয়ে দিতে বদ্ধপরিকর। আমার এই কিছু লেখা চলমান এই যুদ্ধের সবচেয়ে স্পর্শকাতর, সবচেয়ে ভয়াবহ এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ ও ঝুঁকিপূর্ণ ফ্রন্টলাইনের কিছু বাস্তবতা ফুটিয়ে তুলবে। আর তা হচ্ছে সাহিত্য-সংস্কৃতির ফ্রন্ট। চিন্তা ও দর্শনের যুদ্ধক্ষেত্র।

এর ভয়াবহতা আরো বেড়ে গেছে যখন আমাদের মধ্য থেকেই কিছু লোক এই যুদ্ধের ভারপ্রাপ্ত হয়েছে এবং তাদের উত্তরসূরিরাও আমাদের মধ্য থেকেই বের হয়েছে। তারা ও আমরা একই বর্ণের। তাদের ও আমাদের ভাষা অভিন্ন। তাদের ও আমাদের চর্মচক্ষু একই ধরনের। তারা আমাদের মাঝেই নিরাপদে চলাফেরা করছে। ভৌগলিক জাতীয়তা, ধর্ম, ভাষা, জাতিসত্তা—সর্ব বিচারে তারা এবং আমরা একই সূত্রে গাঁথা। এ মানুষগুলোই আমাদের সঙ্গে ভ্রাতৃত্বের অঙ্গীকারে আবদ্ধ।

উস্তাদ মুহাম্মদ হুসাইন রহিমাহুল্লাহ حصوننا مهددة من الداخل গ্রন্থের ১১ নং পৃষ্ঠায় মুসলিম বিশ্বের প্রতি আমেরিকার নগ্ন চাহনি, বাস্তবতা বিবর্জিত ছদ্মবেশী তথাকথিত সুশীলদের মধ্যস্থতায় বিভিন্ন সামাজিক সংস্কারমূলক প্রতিষ্ঠান ও সংগঠনের মাধ্যমে মুসলিম বিশ্বকে প্রতারিত করার বিষয়গুলো তুলে ধরে এবং আমেরিকানদের খরচ করা অর্থ যে এই উম্মতের কোনো উপকার বয়ে আনবে না, সে বিষয়ে জোর দিতে গিয়ে বলেন—

“এতদাঞ্চলের প্রতি আমেরিকার লালসা আজ প্রকাশ্য। এর প্রকৃত রক্ষক শক্তি; যারা একে রক্ষার অতন্দ্র প্রহরায় আত্মনিয়োগ করেছেন এবং স্বজাতিকে জাগিয়ে তোলার নিরন্তর সাধনায় নিজেদের নিয়োজিত রেখেছেন, তাদের প্রতি আমেরিকার শত্রুতা আজ স্পষ্ট। এ বিষয়ে নতুন করে বলার কিছুই নেই। এই উম্মাহর শিক্ষা-দীক্ষার কাজে নিয়োজিত ব্যক্তিবর্গের সঙ্গে মার্কিন প্রতিষ্ঠানগুলোর যোগাযোগ, বিভিন্ন চিন্তা, দর্শন ও দৃষ্টিভঙ্গি প্রচারে তাদের পারস্পরিক সহযোগিতা; বলা হয়ে থাকে এসবের দ্বারা উদ্দেশ্য হল—শিক্ষার মান উন্নয়ন এবং নতুন প্রজন্মের পরিশুদ্ধি। অথচ আদতে তা এমন একটা বিষয়, যা কোনো সুস্থ মস্তিষ্কের মানুষ মেনে নিতে পারে না। মার্কিনীরা এই উম্মাহকে গ্রাস করার জন্য ষড়যন্ত্রমূলক গোপন-প্রকাশ্য যত রকম চেষ্টা প্রচেষ্টা ব্যয় করছে, তার সঙ্গে তাদের এমন বক্তব্য কোনোভাবেই যায় না।

যারা মার্কিন সভা ও সেমিনারগুলোতে অংশগ্রহণ করে, যারা বিভিন্ন মার্কিন প্রচারাভিযানে সহযোগিতা করে থাকে, যার সবগুলোতেই সন্দেহজনক উৎস থেকে অর্থায়ন করা হয়ে থাকে, তারা আমাদের মেধা বুদ্ধির সঙ্গে বিদ্রুপ করে। এসব প্রতিষ্ঠানে অংশগ্রহণ করে তারা জাতির সেবা করছে, এমন দাবি করতে গিয়ে তারা নিজেদের সঙ্গে প্রতারণা করে। কারণ এসব প্রোগ্রামে, সেমিনারে, কনফারেন্সে এই যে অঢেল পরিমাণ মার্কিন ডলার খরচ করা হচ্ছে, তা কখনোই এ জাতির কল্যাণ ও উপকারের জন্য হতে পারে না”।

আমি উস্তাদ মাহমুদ শাকের এবং উস্তাদ মুহাম্মদ হুসাইন —এই দুই মনীষীর এত দীর্ঘ উদ্বৃতি উল্লেখ করেছি কারণ, তারা উভয়ে মুসলিম উম্মাহর প্রতিরোধ-যুদ্ধে এবং শত্রুপক্ষের চক্রান্ত ব্যর্থ করার ক্ষেত্রে অসামান্য অবদান রেখেছেন। যদি বলা হয়, পর্বতসম এই দুই ব্যক্তিত্বের অবদান মুসলিম উম্মাহর একাধিক সামরিক ব্রিগেডের অবদানের চেয়ে কম নয়, তাহলে অত্যুক্তি হবে না। বিশেষ করে حصوننا مهددة من الداخل গ্রন্থখানা ছদ্মবেশী বহু পর্যটক, উম্মাহর অবস্থার পরিদর্শক বহু লোকের মুখোশ উন্মোচন করে তাদেরকে লজ্জিত করেছে, যারা মূলত রাষ্ট্রীয় গুপ্তচর ছাড়া আর কিছুই নয়।

পরিশেষে বলতে চাই, এ বিষয়ের আলোচনা অনেক দীর্ঘ, একটি অথবা দুটি প্রবন্ধে যা পুরোপুরি নিয়ে আসা সম্ভব নয়। এর জন্য দরকার স্বতন্ত্র গ্রন্থ এবং অধ্যয়ণ। তাই বিশেষজ্ঞ ও গবেষক মহলের কাছে আমি এই আশাবাদ ব্যক্ত করতে চাই, আপনারা আরবি এবং অন্যান্য ভাষার উৎস সমূহ থেকে গবেষণার মাধ্যমে এ বিষয়ে অগাধ জ্ঞান ও ব্যুৎপত্তি অর্জন করে সাধারণভাবে সকল মুসলমানকে এবং বিশেষভাবে মুজাহিদদেরকে সংস্কৃতির এই অঙ্গনে সঠিক দিক নির্দেশনা দান করবেন। পাশাপাশি ডলারের বিনিময়ে নিজেদের বিক্রি করে যারা মুসলিমদের কাতারে ঘাপটি মেরে আছে, তাদেরকে চিহ্নিত করে উম্মাহকে তাদের ব্যাপারে সতর্ক করবেন। আর যারা নিজেদের অজ্ঞাতে এগুলোর সঙ্গে জড়িয়ে পড়েছে; তাদের মাঝে বিশেষভাবে আলেম, দাঈ এবং মুসলিমদের কল্যাণকামীদের কথা আমি উল্লেখ করতে চাই, যারা সংখ্যায় অনেক —তাদেরকে আপনারা জাগ্রত করবেন।

এক কথায়, সচেতনতার যুদ্ধে আপনারা সর্বান্তকরণে নিয়োজিত থাকবেন। কারণ একমাত্র আল্লাহ তায়ালাই মুনাফিকদের প্রকৃত সংখ্যা সম্পর্কে জানেন, যারা আমাদের চেহারার হয়েও আমেরিকাকে সাহায্য করে যাচ্ছে। যারা ইহুদী গোষ্ঠী এবং বিশ্বব্যাপী ক্রুসেডারদের সেবাদাস হয়ে আছে। যারা আমাদের মুসলিম সমাজগুলোতে পশ্চিমা কুফরি লিবারেলিজম আমদানি করে চলেছে। আমরা কেবল আল্লাহকে আঁকড়ে থাকতে চাই এবং এককভাবে তাঁর ওপর ভরসা করি।

وَمَن يَتَّقِ ٱللَّهَ يَجْعَل لَّهُۥ مَخْرَجًا، وَيَرْزُقْهُ مِنْ حَيْثُ لَا يَحْتَسِبُ وَمَن يَتَوَكَّلْ عَلَى ٱللَّهِ فَهُوَ حَسْبُهُۥٓ ۚ إِنَّ ٱللَّهَ بَٰلِغُ أَمْرِهِۦ ۚ قَدْ جَعَلَ ٱللَّهُ لِكُلِّ شَىْءٍ قَدْرًا

‘আর যে আল্লাহকে ভয় করে, আল্লাহ তার জন্যে নিস্কৃতির পথ করে দেবেন। এবং তাকে তার ধারণাতীত জায়গা থেকে রিযিক দেবেন। যে ব্যক্তি আল্লাহর উপর ভরসা করে তার জন্যে তিনিই যথেষ্ট। আল্লাহ তার কাজ পূর্ণ করবেন। আল্লাহ সবকিছুর জন্যে একটি পরিমাণ স্থির করে রেখেছেন’। [সূরা তালাক, ৫৫: ২-৩]

> "যারা মার্কিন সভা ও সেমিনারগুলোতে অংশগ্রহণ করে, যারা বিভিন্ন মার্কিন প্রচারাভিযানে সহযোগিতা করে থাকে, যার সবগুলোতেই সন্দেহজনক উৎস থেকে অর্থায়ন করা হয়ে থাকে, তারা আমাদের মেধা বুদ্ধির সঙ্গে বিদ্রুপ করে। এবং এসব প্রতিষ্ঠানে অংশগ্রহণ করে তারা জাতির সেবা করছে, এমন দাবি করতে গিয়ে তারা নিজেদের সঙ্গে প্রতারণা করে। কারণ এসব প্রোগ্রামে, সেমিনারে, কনফারেন্সে এই যে অঢেল পরিমাণ মার্কিন ডলার খরচ করা হচ্ছে, তা কখনোই এ জাতির কল্যাণ ও উপকারের জন্য হতে পারে না"।

বিপ্লবের কেন্দ্র থেকে কয়েক পলক দৃষ্টিপাত

সালিম আশ-শরীফ

বিপ্লবের রয়েছে এক অবর্ণনীয় সুবাস। পুরো আবহাওয়ার রয়েছে এক আলাদা স্বাদ। খোলা চোখে আজ রং এর বৈচিত্র্য দেখতে পাওয়া যাচ্ছে, ইতিপূর্বে যা দেখা যায়নি। সবকটি দৃশ্যই চিত্তাকর্ষক। সতেজ, সহাস্য, সমুজ্জ্বল চিত্রগুলোর সৌন্দর্য্য অম্লান দ্যুতি ছড়িয়ে হাসছে। সবকিছুকেই উৎকৃষ্ট আর সুপ্রসন্ন ভাগ্যের প্রতীক মনে হচ্ছে। বিস্ময়কর নির্মল ও পবিত্র সুরে আজান শোনা যাচ্ছে। প্রতিটি আওয়াজই অদ্ভুত সুমিষ্ট আর মায়াবী; পাখির গানের গলায় যেন সুরের মিষ্টতা আগের চেয়ে বেশি ঝরছে।

খাবারেও যেন অভূতপূর্ব স্বাদ অনুভূত হচ্ছে। তাতে রয়েছে এমন পুষ্টি, যা নিষ্কলুষ, পবিত্র ও উৎকৃষ্ট মানের চালচলনে সহায়তা করছে। সম্মান ও আত্মমর্যাদার গভীর অনুভূতি মনে দোলা দিচ্ছে। অফুরন্ত নেয়ামত প্রাপ্তির অনুভূতি আনন্দের ঢেউ বইয়ে দিচ্ছে। লাবণ্যময় এক স্বচ্ছ মনোবৃত্তি আগ্রহ ভরে বিশ্বস্রষ্টা রবের দরবারে কৃতজ্ঞতা ও শুকরিয়ার সেজদা আদায়ে অনুপ্রাণিত করছে। নিঃসন্দেহে এই সবকিছু হলো স্বাধীনতার প্রাপ্তি ও নিয়ামাহ। কারণ লাঞ্ছনাকর মানব দাসত্বের শক্তি আজ খর্ব হয়ে গেছে। মানব সমাজ আজ থেকে আল্লাহ ভিন্ন অন্য সব কিছুকে বর্জন করে একমাত্র তাঁরই দাসত্বের স্বাদ আস্বাদন করবে। তাঁরই দাসত্বের মহিমায় অবগাহন করবে। মানব মুক্তির সার্থকতা এখানেই। স্বাধীনতার প্রকৃত বাস্তবায়ন এটাই।

যেকোনো বিপ্লব যখন সাফল্যের একেকটি শিখরে উন্নীত হতে হতে রাষ্ট্রীয় পর্যায়ে গিয়ে পৌঁছে, তখন বিপ্লব পরিচালনাকারী প্রজন্মের চিন্তাধারা ও দৃষ্টিভঙ্গির আলোকেই সে রাষ্ট্রযন্ত্রের গতিধারা নির্ণীত হয়। বিপ্লবী প্রজন্ম যদি ভয়-ভীতি, সংশয়-সন্দেহ, হিংসা-বিদ্বেষের মাঝে বেড়ে ওঠে, তবে সে রাষ্ট্রটি একটি জড় রাষ্ট্রে পরিণত হয়; তৃতীয় কোনো সহযোগী নিয়ামক শক্তির মধ্যস্থতা অথবা বিরোধীদের স্বেচ্ছাচারিতার যাঁতাকলে পিষ্ট হওয়া ছাড়া এমন রাষ্ট্রের সবিশেষ কোনো পরিবর্তন সম্ভব হয় না। এই অবস্থায় সে রাষ্ট্রে নানাবিধ অসঙ্গতি দেখা দেয়; যা রাষ্ট্রের কর্ণধারদেরকে নতুন কোনো সিদ্ধান্ত নিতে বাধ্য করে। এমন রাষ্ট্রে যেন প্রতিনিয়তই বিপ্লব চলমান! নিশ্চয়ই এটি একটি ক্ষণস্থায়ী রাষ্ট্র এবং যোগ্য নেতৃত্ব ছাড়া এমন রাষ্ট্র অর্ধশতাব্দী টিকে থাকাটাও অসম্ভব। আর বিপ্লবকারী প্রজন্মটি যদি সুযোগসন্ধানী, সুবিধাবাদী এবং নিম্ন মানসিকতার হয়, তবে নবজাতক রাষ্ট্রটি এই নিম্ন মানসিকতার অনিষ্ট ও মানবিক সংকীর্ণতার নাগপাশ থেকে কখনোই বেরোতে পারে না। অনিবার্যভাবে এমন রাষ্ট্র সামাজিক সঙ্কট ও রাজনৈতিক অস্থিতিশীলতার মাঝে ঘুরপাক খেতে থাকে যতক্ষণ না তা অন্য কোনো পথ খুঁজে পায়।

বিপ্লবকালীন প্রজন্মটি যদি লাঞ্ছনা-গঞ্জনা, দাসত্ব ও শাসন-শোষণের মাঝে লালিত পালিত হয়, তবে তাদের উন্নতি অগ্রগতির জন্য বহিরাগত সাহায্যের প্রয়োজন হয়। এ অবস্থায় যদি তাদের নেতৃত্বের আসনে উপযুক্ত কাউকে পাওয়া যায়, তবে খুব দ্রুতই তারা পূর্বের সমস্ত রীতিনীতি থেকে বের হয়ে আসে। আর তেমন কিছু যদি না হয়, তাহলে পরবর্তী প্রজন্ম আসার আগ পর্যন্ত তারা অগ্রগতির পথে হাঁটতে ব্যর্থ-ই থেকে যায়। পরবর্তী এমন প্রজন্মের কথা বলছি, যারা বিপ্লবের আবহে বেড়ে উঠেছে অথবা অন্তত বিপ্লবী পরিবেশে জন্মলাভ করেছে। বিপ্লবী জনগোষ্ঠী যদি উচ্চতর জ্ঞান-বিজ্ঞান চর্চার মধ্য দিয়ে বেড়ে ওঠে, এরপর বিভিন্ন দিক দেখেশুনে একটা পরিবর্তন আনার সিদ্ধান্ত গ্রহণ করে, তবে এদেরকে বলা যায় ভার্চুয়াল জেনারেশন; তাদের পিতৃপুরুষদের অবস্থা হল তারা দিবাস্বপ্নে ডুবে ছিল আর বর্তমানে তারা নিজেরা অনলাইনে কৌশলগত লড়াইয়ের নেশায় মত্ত। বিপ্লবের স্বপ্নদ্রষ্টা প্রজন্মটি যদি সুদৃঢ় মূলনীতি এবং সত্য-সঠিক মতাদর্শের ওপর বেড়ে ওঠে, তারা যদি নবীগণের আদর্শে লালিত পালিত হয়, নবীগণের ঐশী জ্ঞানের বৃষ্টিতে বিধৌত হয়, তাঁদের স্বচ্ছতা ও পবিত্রতার আদর্শে প্রতিপালিত হয়; সেই প্রজন্ম যদি নবীগণের আধ্যাত্মিক পরিশুদ্ধি ও চারিত্রিক উৎকর্ষের সুধা পান করে থাকে,

তারা যদি নবীদের পদাঙ্ক অনুসরণ করে চলতে বদ্ধপরিকর হয়ে থাকে, তবে নিজেদের তিক্ত অভিজ্ঞতার আবেষ্টনী থেকে এমন প্রজন্মের বের হওয়া এবং তাদের প্রতিষ্ঠা লাভের মূলসূত্র হচ্ছে আত্মসমালোচনা ও আত্মসংশোধন। কারণ অচিরেই এই প্রজন্ম ইনশাআল্লাহ নিজেদের কাঙ্ক্ষিত রাষ্ট্রীয় ব্যবস্থা প্রতিষ্ঠা করতে যাচ্ছে।

বিপ্লব পরিচালনাকারী প্রজন্মের লক্ষ্য-উদ্দেশ্য যদি বিভিন্ন ধরনের হয়, তবে বিপ্লবকালীন তাদের আচরণ ও চরিত্রের মাঝেও তফাৎ দেখা দেয়। বৈপ্লবিক পরিবেশ ও আবহাওয়া প্রজন্মের সদস্যদেরকে পারস্পরিক সহযোগিতা ও শক্তিশালীকরণের একটি সুযোগ এনে দেবে—এটা সম্ভব। কিন্তু প্রজন্মের সকল সদস্য এক পতাকাতলে সমবেত হবে, এটা কেবল কঠিনই নয় বরং অসম্ভব। বিপ্লবোত্তর সময়ে লোভ-লালসা কত দ্রুত তাদেরকে পরস্পর হানাহানি, বিবাদ, ষড়যন্ত্র, বিশ্বাসঘাতকতা এমনকি রক্তপাতের দিকেও নিয়ে যায়, তা কে না জানে! এই অবস্থায় বিপ্লবের সাফল্য নির্ভর করে - ঐ সমাজের অধিকাংশ মানুষের উপর; তাদের বুঝ-বিবেচনা, দৃষ্টিভঙ্গি ও ভবিষ্যৎ চিন্তার উপর। তাই বিপ্লবে অংশগ্রহণকারী প্রায় সকলের জন্য আবশ্যক হল, স্বার্থ ও সুবিধার জলাশয়ে বিপ্লবের ফলাফল পিছলে পড়া এবং বিরাট এই কর্মযজ্ঞ বৃথা যাবার আগেই সিদ্ধান্ত গ্রহণ করা, সে কাদের সঙ্গে থাকবে এবং কাদেরকে সাহায্য করবে? কারণ কেবল জনগণের পক্ষেই সম্ভব, নিজ ইচ্ছা শক্তি দ্বারা বিপ্লবের ফলাফলকে নিয়ন্ত্রণ করা। অতি গুরুত্বপূর্ণ এই সিদ্ধান্ত গ্রহণের ভার প্রজন্মের সদস্যদের হাতেই ন্যস্ত যে, তারা সৌভাগ্যের রাজপথে হাঁটবে নাকি দুর্ভাগ্যের যাঁতাকলে পিষ্ট হবে!

قَدْ جَآءَكُم بَصَآئِرُ مِن رَّبِّكُمْ فَمَنْ أَبْصَرَ فَلِنَفْسِهِۦ وَمَنْ عَمِىَ فَعَلَيْهَا وَمَآ أَنَا۠ عَلَيْكُم بِحَفِيظٍ

‘তোমাদের কাছে তোমাদের পালনকর্তার পক্ষ থেকে নিদর্শনাবলী এসে গেছে। অতএব, যে প্রত্যক্ষ করবে, সে নিজেরই উপকার করবে এবং যে অন্ধ হবে, সে নিজেরই ক্ষতি করবে। আমি তোমাদের পর্যবেক্ষক নই’। [সূরা আনআম, ৬: ১০৪]

> যেকোনো বিপ্লব যখন সাফল্যের একেকটি শিখরে উন্নীত হতে হতে রাষ্ট্রীয় পর্যায়ে গিয়ে পৌঁছে, তখন বিপ্লব পরিচালনাকারী প্রজন্মের চিন্তাধারা ও দৃষ্টিভঙ্গির আলোকেই সে রাষ্ট্রযন্ত্রের গতিধারা নির্ণীত হয়। বিপ্লবী প্রজন্ম যদি ভয়-ভীতি, সংশয়-সন্দেহ, হিংসা-বিদ্বেষের মাঝে বেড়ে ওঠে, তবে সে রাষ্ট্রটি একটি জড়, সম্ভাবনাময় ও উন্নয়নশীল রাষ্ট্রে পরিণত হয়; তৃতীয় কোনো সহযোগী নিয়ামক শক্তির মধ্যস্থতা অথবা বিরোধীদের স্বেচ্ছাচারিতার যাঁতাকলে পিষ্ট হওয়া ছাড়া এমন রাষ্ট্রের সবিশেষ কোনো পরিবর্তন সম্ভব হয় না। এই অবস্থায় সে রাষ্ট্রে নানাবিধ অসঙ্গতি দেখা দেয়; যা রাষ্ট্রের কর্ণধারদেরকে নতুন কোনো সিদ্ধান্ত নিতে বাধ্য করে। এমন রাষ্ট্রে যেন প্রতিনিয়তই বিপ্লব চলমান! নিশ্চয়ই এটি একটি ক্ষণস্থায়ী রাষ্ট্র এবং যোগ্য নেতৃত্ব ছাড়া এমন রাষ্ট্র অর্ধশতাব্দী টিকে থাকাটাও অসম্ভব।

দ্বিতীয় পর্ব

ধ্বংসের মুখে আমেরিকান অর্থনীতি

মুহসিন রুমী

পূর্বের প্রবন্ধে আমরা আমেরিকান অর্থনীতির উপর ১১ সেপ্টেম্বর হামলার কিছু সাময়িক ও দীর্ঘমেয়াদি প্রভাব নিয়ে আলোচনা করেছি। এবং শাইখ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর দৃষ্টিভঙ্গি পেশ করেছি যে, আমেরিকান অর্থনীতির উপর আঘাতের মাধ্যমে কার্যকরীভাবে শত্রুকে দুর্বল করা সম্ভব। আর প্রবন্ধটি সমাপ্ত করেছিলাম উম্মাহর সকল সদস্যদের প্রতি, বিশেষতঃ স্ব স্ব বিষয়ে বিশেষ যোগ্যতাসম্পন্ন নির্বাচিত ও প্রতিভাবান লোকদের প্রতি এই আহ্বান রেখে যে, তারা যেন নিজেদের সময় ও চিন্তার একটি অংশ এই গবেষণায় নতুনত্ব আনার জন্য ব্যয় করেন যে, কোন কোন ছিদ্রপথে আমেরিকান অর্থনীতির উপর আঘাত হানা যায়? সেই মিশন পূর্ণ করার জন্য, যা শায়খ উসামা রহিমাহুল্লাহ ও তাঁর সাথীগণ শুরু করেছিলেন। তাঁরা সর্বদাই আন্তর্জাতিক কুফরের মোকাবেলায় এ কৌশলটির উপর গুরুত্ব দিতেন।

বর্তমান বাস্তবতায় গোপনীয়ভাবে আল্লাহর দ্বীনের সাহায্যকারী মুজাহিদগণের জন্যও এ সুযোগ আছে। চাই পুরুষ হোন বা নারী বা তরুণ অথবা শহুরে হোন বা গ্রাম্য, প্রত্যেকেই নিজের ব্যক্তিগত আবিষ্কার এবং আল্লাহ তার কাছে জ্ঞানের যে রহস্য উন্মোচন করে দিয়েছেন, তার মাধ্যমে এগিয়ে আসতে পারেন। শর্ত হলো, তারা মুজাহিদগণের সাধারণ প্ল্যানিং তথা ইলেক্ট্রনিক জিহাদি কর্মশালার আওতাভুক্ত হবেন।

সবশেষে আল্লাহর কাছে দু'আ করি তিনি যেন আমাদেরকে সঠিক পথ দেখান, আমাদেরকে দৃঢ়পদ রাখেন এবং শহীদী মৃত্যু দান করেন। আমীন।

(আমিনা কুতুব রচিত 'দিওয়ান আর-রিসালা' নিয়ে একটি পাঠচক্র)

এক শহীদের তরে

আবু আমের আন নাজি

"আমি সেই গৃহে বসে আপনার কাছে পত্র লিখছি, যার জন্য আপনি পরিশ্রম করেছেন। বহু প্রচেষ্টার পরে যা আপনি লাভ করেছেন। এই পত্র আপনার প্রতি আমার অভ্যর্থনা জ্ঞাপন; সেই পুনর্মিলনের অভ্যর্থনা, যার জন্য প্রতীক্ষা করতে হবে এক সুদীর্ঘ সফর সমাপ্তির আর দুর্গম পথ পাড়ি দেবার। এই পত্র সুদূর অভীষ্ঠ গন্তব্যে যুগ যুগ ধরে চলমান কাফেলার সঙ্গে পথ চলার অঙ্গীকার। এ পত্র উৎসর্গ করছি আপনার প্রতি এবং সে সকল ব্যক্তির প্রতি, পথ কণ্টকাকীর্ণ হওয়া সত্ত্বেও যারা দমে যাননি। অশ্রু দিয়ে লেখা এই পত্রের প্রতিটি অক্ষরের জন্য আমি লজ্জিত, আমি অপারগতা পেশ করছি কারণ, পথের মাঝে আপনি আমাকে একা ফেলে চলে গেছেন। এই পত্র বিচ্ছেদের অশ্রু দিয়ে লেখা; জীবন যাত্রায় পথ-সঙ্গীদের সঙ্গে আল্লাহর ইচ্ছায় চূড়ান্ত গন্তব্যে আপনার সঙ্গে মিলিত হবার আগ পর্যন্ত অশ্রুর এই প্রবাহ চলমান থাকবে..."

—আপনার জীবন সঙ্গিনী।

লেখিকার উৎসর্গ বাণীর কয়েকটি লাইন তুলে ধরলাম। হ্যাঁ, লেখিকার সেই কবিতাগুচ্ছের কথাই বলছি, যা তিনি আল্লাহর রাস্তায় বের হওয়া স্বামীর বিরহ-বেদনায় রচনা করেছিলেন। নিঃসঙ্গ জীবনের অব্যক্ত যন্ত্রণা সইতে না পেরে তিনি কলম ধরেছিলেন। যতদিন স্বামীর সঙ্গে ছিলেন, তার প্রতিটা সময় আল্লাহর রাস্তার বিপদাপদে ধৈর্যের পথের পাথেয় ছিল। স্বামীর সঙ্গে বিচ্ছেদের একেক বছর পর তিনি এই কবিতাগুচ্ছের একেকটি পংক্তি রচনা করেছেন। কবিতাগুলোতে উঠে এসেছে বিরহের তিক্ত অভিজ্ঞতার কথা। জীবন্ত হয়ে উঠেছে বিচ্ছেদের অসহনীয় ব্যথা। মিলনের ব্যাকুলতা। একাকীত্বের অসহ্য যন্ত্রণা। জীবন যাত্রার প্রতিকূলতা। কিন্তু তবুও, নারীস্বভাবের দুর্বলতা সত্ত্বেও কবিতার প্রতিটি চরণে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালার কাছে এই বিপদের প্রতিদান কামনা, পরকালে আল্লাহর চিরসত্য প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে স্বীয় মনকে সান্ত্বনাদান এবং প্রয়াত স্বামীর ত্যাগ-তিতিক্ষার আদর্শকে আমরণ আঁকড়ে থাকার ব্যাপারে অঙ্গীকারাবদ্ধ হওয়ার যে দৃষ্টান্ত তিনি স্থাপন করেছেন, তা পাঠককে বিমোহিত না করে পারেনা। বাস্তবেও তিনি সেই অঙ্গীকারের ওপর অটল থেকে আটানব্বই বছর বয়সে মৃত্যুবরণ করেছিলেন; এক মুহূর্তের জন্য আদর্শকে বিকিয়ে দেননি। আত্মমর্যাদাকে ভূলুণ্ঠিত করেননি। আল্লাহ তাঁকে যথার্থ প্রতিদান দান করুন এবং আল্লাহই তাঁর জন্য যথেষ্ট! জগৎ এক মহতী নারী দেখেছিল। তাঁর দৃঢ়তা, তাঁর প্রতিশ্রুতি পূরণ, তাঁর ধৈর্য্য, তাঁর আদব ও শিষ্টাচার, তাঁর দুঃখ-বেদনা, তাঁর ভাষার মাধুর্য— সবকিছুতেই রয়েছে জগৎবাসীর জন্য বিরাট শিক্ষা। আর তা কেনই বা হবে না, তিনি যে সম্মানিত কুতুব পরিবারের সদস্য! আল্লাহ রহম করুন সাইয়্যেদকে! রহম করুন মুহাম্মাদকে! রহম করুন হামিদাকে!... আল্লাহ রহম করুন এই কবিতাগুচ্ছের রচয়িতা আমিনা কুতুবকে!

আমিনা কুতুব! ইনিই তো সেই মহিলা, যার ভাই শহীদ সাইয়েদ কুতুব রাহিমাহুল্লাহ কারা-সঙ্গী কামাল আল-সানানিরি-এর বিয়ের প্রস্তাব নিয়ে এসেছিলেন তাঁর কাছে। তিনি ভাইয়ের সে প্রস্তাবে সম্মত হয়েছিলেন অথচ কামাল আল-সানানিরি যাবজ্জীবন সাজাপ্রাপ্ত (২৫ বছর)। তিনি কারাবরণ করেছেন খুব বেশিদিন হয়নি, এরমধ্যেই আদি গোত্র 'কেনানা'র ভূমিপুত্র শ্রেষ্ঠ যুবকদেরকে কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে নিক্ষেপকারী মিশরের তাগুতগোষ্ঠীর রক্তচক্ষু উপেক্ষা করে আমিনা এই বিবাহ প্রস্তাব গ্রহণ করেন।

'মনে পড়ছে সেদিনের কথা, আপনি কারাগারের ভেতর ছিলেন আর এই অবস্থায় আমাদের বন্ধন তৈরি হলো, যাতে হেদায়েতের পথে আমরা একই সঙ্গে চলতে পারি...

নির্যাতন-নিপীড়ন যেমনই হোক না কেনো, তা মোকাবেলার চ্যালেঞ্জ নিয়ে এবং লক্ষ্যে পৌঁছার ক্ষেত্রে আল্লাহর প্রতি আস্থা রেখে...'

আমিনা এই বিয়ের প্রস্তাবে সম্মত হয়েছেন এমন একটা সময়ে, যখন কামাল আল-সানানিরির জন্য তাঁর মনে দয়ার উদ্রেক হয়েছে। কামাল আল-সানানিরি তাঁর স্ত্রীর পরিবারের চাপে অনেক আলোচনার পর তাকে তালাক দিতে বাধ্য হয়েছেন। সাইয়্যেদা আমিনা নিজের এই বিবাহ সম্পর্কে

বলেন: "আমাদের এই বিবাহ ছিল স্বৈরাচারী একনায়কতান্ত্রিক জালিম শাসকের বিরুদ্ধে চূড়ান্ত রকম চ্যালেঞ্জ ঘোষণা। সে ইসলামের দাঈদের ধ্বংসের সিদ্ধান্ত পাকাপোক্ত করে ফেলেছিল —তা হত্যা করেই হোক কিংবা আজীবন কারাগারের অন্ধ কুঠুরিতে তাঁদের আবদ্ধ রেখেই হোক।
আমিনা নিয়মিত দীর্ঘ পথ পাড়ি দিয়ে কারারুদ্ধ স্বামীর সঙ্গে সাক্ষাৎ করতে যেতেন। পথের কষ্ট, কারারক্ষীদের পক্ষ থেকে উপর্যুপরি ভোগান্তি সয়ে তাঁকে প্রিয়তম স্বামীর কাছে পৌঁছুতে হতো।

'আমি (আমরা) পথচলা অব্যাহত রেখেছি, সময়ের কষাঘাত অথবা হুমকি-ধমকির ভয় করিনি। সেসব তাগুতদের হুমকি-ধমকি, যারা আমাদের রক্তকে হালাল করেছে অথবা ইহুদিদের তল্পিবাহকদের (হুমকি-ধমকি)'।

প্রতিবারের সাক্ষাতে স্ত্রীকে এত এত দুর্ভোগ পোহাতে হচ্ছে, কামাল আল-সানানিরি যখন এটা দেখলেন, স্ত্রীকে উদ্দেশ্য করে বললেন: "প্রিয়তমা! বিয়ের সময় তোমাকে যে কথাটা বলেছিলাম, আজ সেটা আবারও তোমাকে বলতে চাই। আমি যাবজ্জীবন সাজাপ্রাপ্ত। আগামীকালই বের হয়ে যেতে পারি আবার সাজার বাকি ২০ বছর শেষ করেও বের হতে পারি। হে স্ত্রী! তারা আমাকে জামিন দেয়ার জন্য এই শর্ত পূরণ করতে বলে যে, আমি আমার দ্বীনের ওপর এই দুনিয়াকে প্রাধান্য দেবো। এই শাসন ব্যবস্থার বিরুদ্ধে আমার অবস্থান থেকে সরে আসবো। আল্লাহর কসম! আমি কখনোই তাদের সে আশা পূরণ হতে দেবো না, যদিও আমার এখান থেকে বের হওয়ার অর্থ হলো—তোমার সঙ্গে পরম মিলন। হে প্রিয়তমা! আমাদের মুক্তির বিনিময়ে তারা আমাদেরকে এই স্বৈরাচারী শাসকের প্রতি সমর্থন ব্যক্ত করতে বলে। তোমাকে বলে রাখি, আল্লাহর ইচ্ছায় কখনই তারা আমাদের থেকে সমর্থন পাবে না যদিও আমাদের অঙ্গ বিচ্ছেদ করে দেয়া হয়। তাই, এখন থেকে তোমার এক্তিয়ার।

এ বিষয়ে তুমি তোমার রায় আমাকে লিখে পাঠাও। আল্লাহ তোমাকে কল্যাণকর সিদ্ধান্ত নেয়ার তৌফিক দান করুন! তাই তোমার কাছে আমার প্রস্তাব, আমাদের এই সম্পর্ক, যা আমাদেরকে পরস্পরে কাছাকাছি করেছে, তা এখানেই শেষ হয়ে যাক। যাতে তোমার যৌবন এভাবে নষ্ট না হয়ে যায়। যাতে আরো কয়েক বছর তুমি এভাবে বিপদাপদে আটকে না থাকো। যাতে তোমার সৌভাগ্যের পথে আমি কাঁটা হয়ে না থাকি।" আমিনা স্বামীর সব কথা শুনলেন। কিন্তু কারারক্ষী তাঁকে আর জবাব দেয়ার সময় দিলো না। তাই পরবর্তীতে তিনি স্বামীর প্রস্তাবের ওপর এই জবাব লিখেন: 'হে আমার আশার আলো প্রিয়তম স্বামী! আমি জিহাদ এবং জান্নাতের পথ বেছে নিয়েছি। আমি ধৈর্য এবং ত্যাগের পথ গ্রহণ করেছি। আমি নির্দ্বিধায় নিঃসংকোচে তোমার শেখানো বিশুদ্ধ আকীদা বিশ্বাসের ওপর অটল থাকার সিদ্ধান্ত নিয়েছি।'

'সময়ে সময়ে কত বিপদ আমাদের জেঁকে ধরেছে, কখনোই আমরা দমে যাইনি। কখনোই পিছিয়ে আসিনি। জীবনের পরোয়া করিনি। আমরা অবিরত পথ চলেছি যদিও কাপুরুষের দল ষড়যন্ত্র করে গিয়েছে'।

তিনি জানতেন, সরকারের কাছে করুণা ভিক্ষা চাওয়া হলে স্বামীর মুক্তি মিলে যাওয়াতে কারাগারের বাইরে তাদের বিচ্ছেদের সমাপ্তি ঘটবে। কিন্তু তিনি স্বামীকে তা করতে বলেননি। বরং তিনি দেখলেন, আত্মসমর্পণ অথবা করুনা ভিক্ষা যেভাবেই স্বৈরাচারী শাসকের প্রতি নমনীয়তা হোক না কেনো, এটা থেকে স্বামী প্রিয়তম যদি নিজেকে বাঁচিয়ে রাখে, তবে তা হবে তাঁর জীবনের এক অনন্য সম্মান ও মর্যাদার কারণ। তাই এক কবিতায় তিনি স্বামীর আদর্শানুবর্তিতার প্রশংসা করতে গিয়ে লিখেন:

'আপনি কোনোদিন তাগুত গোষ্ঠীকে সন্তুষ্ট করে আন্তরিকভাবে কোনো শব্দ উচ্চারণ করেননি, কোনোদিন কোনো কাপুরুষের কাছে মাথা নত করেননি। (এমন হয়নি যে,) এর বিনিময়ে দূরত্বের ওই শেষ সীমায় থাকা স্ত্রী-পরিজনকে আপনি কাছে পেতে চেয়েছেন, যাদেরকে কয়েক বছরের একাকীত্ব কাহিল করে দিয়েছে। আপনি পাপিষ্ঠের দলকে বলেননি, আমি এমন গৃহ চাই, যার জন্য আমি ভীষণ আগ্রহী। যার জন্য আমি অধীর ও ব্যাকুল'।

বছরের পর বছর কেটে গেল। অবশেষে এ অবস্থায়

সতের বছর সমাপ্ত হলে আল্লাহর ইচ্ছায় স্বামী কারাগার থেকে বের হন। কিন্তু ততদিনে স্ত্রীর বয়স পঞ্চাশের কোঠায় চলে যায়। তাই তাঁদের ভাগ্যে আল্লাহর তকদির অনুযায়ী কোনো সন্তান জুটেনি। কারণ স্ত্রীর যৌবনের পুরোটা সময় স্বামীর অপেক্ষায় কেটে গিয়েছে।

'আমি কেমন করে ভুলতে পারি উন্নত শির এবং অটল ঈমান নিয়ে কারাগার থেকে তাঁর বের হওয়ার সেই স্মরণীয় দিনটিকে, পাপিষ্ঠ বিশ্বাসঘাতকের কঠোরতার মাঝে দীর্ঘ সময় কাটানোর পর যেদিন শৃঙ্খল চূর্ণ হলো। অতঃপর আমরা জীবনের পথে হেঁটেছি, আমাদের এই পারস্পরিক মিলনের সুযোগ দানের কারণে আল্লাহর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেছি প্রতিনিয়ত। আমরা এমন এক জগতের জন্য প্রতিযোগিতা করি যা ধ্বংসশীল; দুর্ভাগ্য আর অকল্যাণ যার সর্বত্র'।

অতঃপর তাঁর স্বামী আফগানিস্তানে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন আল্লাহর রাস্তায় জিহাদ ও হিজরতের উদ্দেশ্যে। সেখানে সর্বপ্রথম যাঁরা হিজরত করেন, তিনি ছিলেন তাঁদের অন্যতম। এমনকি তিনি তো এমন ব্যক্তি, যিনি শাইখ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাকে সেখানে হিজরত করতে অনুপ্রাণিত করেছিলেন। আল্লাহর কাছে আমাদের প্রার্থনা, তিনি যেন শাইখ আব্দুল্লাহ আযযামের জিহাদের সওয়াব এই স্বামীকেও দান করেন! নিম্নোক্ত কবিতাগুলোতে স্ত্রী কারাগারে এতগুলো বছর অতিবাহিত করা সত্ত্বেও জিহাদ এবং দাওয়াতের পথ আঁকড়ে থাকার প্রতি নিজ স্বামীর আকুলতা তুলে ধরেন—

'অবশেষে আল্লাহ তাদের শৃঙ্খল চূর্ণ করতে চাইলেন এবং লাঞ্ছিত ধ্বংসশীল দুরাচারীকে নিঃশেষ করে দিলেন। তখন আপনি দুঃখ বেদনা মাড়িয়ে উচ্চ মনোবল নিয়ে পথ চলতে থাকলেন। আপনি কখনোই বলেননি, প্রেমের যাদুমাখা নির্ঝঞ্ঝাট ঘরোয়া জীবনে নিস্তেজ ও স্থবির হয়ে পড়ে থাকবেন। সেসব দিনের পরিবর্তে, যে দিনগুলো আপনি সেখানে কাটিয়েছিলেন ভয়-ভীতি আর কারারক্ষীদের নির্যাতনের মাঝে। আপনি নিজ সময়কে দ্বীনি কাজকর্ম, রোজা অথবা প্রতিবার আযানের সময় নামাজ— এগুলোর মাঝেই বন্টন করেছিলেন। একসময় জিহাদের আহ্বানকারীর ঘোষণা এল, তখন সত্য উচ্চারণের ক্ষেত্রে আপনার জিহ্বায় ছিলনা কোনো প্রকার জড়তা। অতএব, আপনি সন্তুষ্টচিত্তে ক্ষণস্থায়ী সুখ-স্বাচ্ছন্দ্যকে তুচ্ছ করে (রণাঙ্গনে) উপস্থিত হতে বেরিয়ে পড়লেন'।

কামাল আল-সানানিরি মিশরে ফিরতে না ফিরতেই মার্কিন গোয়েন্দা সংস্থার নির্দেশে তাগুত সরকারের হাতে পড়ে গেলেন। গোয়েন্দা সংস্থাগুলোর উদ্দেশ্য ছিল, আফগানিস্তানের মুজাহিদদের একান্ত গোপনীয় বিভিন্ন তথ্য-উপাত্ত তাঁর কাছ থেকে সংগ্রহ করা। কিন্তু তা কি আর সম্ভব! তাই জেরার সময় নির্মম নির্যাতনের কারণে শেষ পর্যন্ত তিনি মৃত্যুবরণ করেন। (আল্লাহ তায়ালা অপার অনুগ্রহের প্রশস্ত চাদরে তাকে আবৃত করে নিন!) আর এটাই ছিল স্ত্রীর সঙ্গে এই পৃথিবীতে তাঁর দ্বিতীয় এবং সর্বশেষ স্থায়ী বিচ্ছেদ। আল্লাহর ইচ্ছায় পরকালে তাঁদের এই বিচ্ছেদের সমাপ্তি ঘটবে। তাঁদের এই বিচ্ছেদ ছিল এক মর্যাদাপূর্ণ বিচ্ছেদ; কারণ সে সময়টাতে তিনি আল্লাহর রাস্তায় জিহাদ ও দাওয়াতের ময়দানে ছিলেন। আর এ কল্পনাই স্বামীর মৃত্যুর পর একাকী জীবনে স্ত্রীকে সান্তনা যুগিয়েছে।

'আমি সান্ত্বনা লাভ করি এ কথা স্মরণ করে যে, (কামাল) আমার দ্বীনের সম্মান রক্ষার জন্য জীবনকে বিক্রি করে দিয়েছেন। তিনি দুর্বলের ন্যায় মারা যাননি, তাই নিয়মিত তাঁর মৃত্যু-স্মরণ আমাকে লজ্জা দেয়। আমি এই ভেবে আশ্বস্ত হই যে, জীবন তো শেষ হয়েই যাবে আর অল্প সময়ে পরই এই যেন আগামীকালই আমি তাঁর সঙ্গে মিলিত হব'।

এক শহীদের প্রতি উৎসর্গিত একগুচ্ছ কবিতা—
আবেগঘন অনেক শোকগাঁথা আমি পাঠ করেছি, কিন্তু এই কবিতাগুলো পাঠ করে এতটাই প্রভাবিত হয়েছি যে, যখনই পড়ছিলাম, অনবরত আমার চোখ দিয়ে অশ্রু ঝরছিল। কবিতাগুলোর ভাষা এতটাই শক্তিশালী, এতটাই অলংকৃত তার রচনাশৈলী, আমার পক্ষে তা বলে বোঝানো সম্ভব নয়। আমি শুধু মুজাহিদা এই বিধবা নারীর বাস্তব অবস্থা তুলে ধরব যে, স্বামী তাঁকে এই পৃথিবীতে একা ফেলে যাবার পর তিনি কেমন পরিস্থিতির সম্মুখীন হয়েছিলেন?
আমরা আফগানিস্তান এবং ওয়াজিরিস্তানে এরকম কঠিন পরিস্থিতির সম্মুখীন আরও বেশ ক'জন বোনকে পেয়েছি। দেখা যেত, এখানে এক বোন

তার পিতা ও স্বামী হারিয়েছেন। ওখানে আরেক বোন পরপর দুই সন্তান হারিয়েছেন, এরপর স্বামীর মৃত্যু হলে আরো দুই সন্তান হারালেন। এমন যে আরও কতজন রয়েছেন! আলোচ্য কবিতাগুচ্ছে এই বোনদের নামগুলো উঠে এসেছে।

তাদের মানবেতর জীবনচিত্র এমন আবেগপূর্ণ ভাষায় ফুটিয়ে তোলা হয়েছে যে, নির্মল প্রেম আর ভালোবাসার পবিত্র অনুভূতি উথলে ওঠে। লেখিকা নিজ ভাইয়ের টর্চারসেলের ওসিয়তগুলো অভিনব পন্থায় বাস্তবায়ন করেছেন। আমিনা কুতুব বলেন: "কারাগারের দেয়ালে আবদ্ধ থাকাকালে আমাদের সবার প্রতি ভাইজানের ওসিয়ত ছিল, কবিতা-ঘটনা—যা কিছুই আমরা লিখি, তা যেন আমাদের ঈমানী চেতনা থেকে উৎসারিত হয়। ভাষা বর্ণনা, গদ্য ও পদ্য রচনার ক্ষেত্রে আমাদের দৃষ্টিভঙ্গি, চিন্তা, দর্শন ও অনুভূতি যেন সম্পূর্ণরূপে জাহিলিয়াতের প্রভাব থেকে মুক্ত থাকে। আমরা যেন সদা-সর্বদা স্বচ্ছ ইসলামী সাহিত্য সৃজনে মনোযোগী থাকি।"

'এখন থেকে আর কখনো আপনি আসার অপেক্ষায় থাকতে হবে না আমায়। আপনার পথ পানে চেয়ে থাকব না আর কভু ওই সাঁঝের বেলায়...'

আহ! একেকটি চরণের কি অসাধারণ শিল্প-নৈপুণ্য! কী প্রগাঢ় সংবেদনশীলতা, যা বিশ্লেষণ ও স্মৃতির প্রতিটি মুহূর্তের কথা বলে মনোজগতে তরঙ্গের সৃষ্টি করে। তাইতো স্ত্রী, স্বামীর প্রতিটি পদক্ষেপ, ঘরে প্রবেশের সময় তাঁর নির্মল হাসিরও স্মৃতিচারণ করছেন। প্রিয়তমের ব্যক্তিত্বের আভায় কিরূপে গৃহের সোপান হত প্রভাময়! -এমন স্মৃতি তাঁকে কাঁদাচ্ছে। তিনি পাড়ার কুকুরের ডাকটুকুও ভুলতে পারছেন না; স্বামীর ব্যাপারে যে কুকুরের ভয় ছিল তাঁর মনে। এখন সেই কুকুরের ঘেউ ঘেউ তাকে পীড়া দেবে, কারণ অভ্যাসমতো তাঁর দরজায় স্বামী যে আর কখনোই করাঘাত করবেন না!

'আপনি ফেরার অপেক্ষায় বুক ভরা আশা নিয়ে আর কখনোই আমি স্টেশনে আকুল হয়ে তাকিয়ে থাকব না। পাড়ার কুকুর ঘেউ ঘেউ করে আর আমাকে বিরক্ত করবে না। কুকুর উত্তেজিত হয়ে নির্বোধের মতো আপনাকে না কামড়ে ধরে— এই ভীতি আর কখনো আমায় তাড়া করবে না। আপনার প্রত্যাবর্তনের, আপনার সঙ্গে কথা বলার ও পারস্পরিক সাক্ষাতের প্রতীক্ষায় আর কখনো আমি বসে থাকব না। দিন শেষে আমার দৃষ্টি-পথে আপনি আর কখনো পা ফেলে এগিয়ে আসবেন না। ক্লান্তি মাখা হাসি মুখে আপনার সামনে এসে দাঁড়ানো আর তখন আমার ছুটে যাওয়া আপনার কাছে— কোনো কিছুই আর হয়ে উঠবে না। আপনার পদভারে ধন্য ঘরের সিঁড়িগুলো আপনার আলোয় আর কখনোই হেসে উঠবে না'।

এসমস্ত প্রেমময় অনুভূতির পর সুসাহিত্যিক এই নারী নিজ স্বামীকে তাঁর মৃত্যুর কারণ জিজ্ঞেস করে নিজেই আবার তার জবাব দিচ্ছেন। কারণ তিনি তো জানেন, প্রিয়তম স্বামী আল্লাহর রাস্তায় তাঁকে রেখে গিয়েছেন।

'কিসের আগ্রহে আপনি চলে গেলেন? জান্নাতের আগ্রহে না আসমানের মালিকের ভালোবাসায়? কিসের আশায় আপনি বিদায় নিলেন? আল্লাহর প্রতিশ্রুতির কথা স্মরণ করে? প্রতিশ্রুতি পূরণের সময় হয়ে গিয়েছে কি? আর তাই ভালোবাসার ডাকে সাড়া দিয়ে উন্মাদ প্রেমিকের মতো আপনি ছুটে গেলেন'?

অতঃপর তিনি আল্লাহর ওয়াদার কথা বলে নিজের মনকে সান্ত্বনা দেন এবং পথচ্যুত না হওয়ার অঙ্গীকার ব্যক্ত করেন। কবিতার ভাষায় তাই তিনি স্বামীকে জিজ্ঞেস করছেন:

'ওগো! ওপারে প্রিয় মানুষগুলোর সঙ্গে আপনার সাক্ষাৎ ঘটেছে কি? পুনর্মিলনের সেই রঙিন আনন্দ আপনার কেমন লেগেছে, বলুন না আমায়? কেমন অনুভূতি হচ্ছে আপনার প্রতিদান দাতা রবের সান্নিধ্যে, ফেরদৌসের আঙ্গিনায়, রবের ভরপুর দানের ওই খাজানায়? চিরসত্য সেই গৃহে, যেখানে আপনারা সসম্মানে নিরাপত্তার সঙ্গে হয়েছেন সমবেত? এই সবকিছু যদি হয় সত্য, তাহলে আপনার মৃত্যুতে, আপনার রক্ত ঝরানোতে আপনাকে জানাই অভিনন্দন! নিশ্চয়ই অচিরেই সেখানে আপনার সঙ্গে আমার সাক্ষাৎ ঘটবে আর এই অভাগা পৃথিবী আমার দৃষ্টিতে ঝাপসা হয়ে যাবে। শীঘ্রই আপনার

সঙ্গে মিলন ঘটবে, যখন প্রতিশ্রুতির তারাগুলো বাস্তবতার আকাশে ঝলমল করবে। দুর্যোগ দুর্দশায় কাটানো দিনগুলোর কোলে আর কিছু দিন কাটাব আমরা এরপর চিরকালের জন্য আশ্রয় নেব এমন এক ঠিকানায়, যেখানে থাকবেনা ধ্বংসের ভয়। থাকবেনা বিরহের আশঙ্কা'।

তাঁর জীবন-অধ্যায়ের কয়েকটি উজ্জ্বল পাতা:

নিম্নোক্ত কবিতাগুলোতে লেখিকা নিজ স্বামীর জীবনে একটি ভুল হলেও খোঁজার চেষ্টা করছেন, যাতে বিরহের যাতনায় বেদনাক্লিষ্ট ও প্রেম-দগ্ধ হৃদয়ের দহন কিছুটা হলেও প্রশমিত হয়। কিন্তু তিনি তেমন একটিও ত্রুটি খুঁজে পাননি স্বামীর জীবন অধ্যায়ে। পেয়েছেন শুধু ভাষার সংযত ব্যবহার, উন্নত জীবনাচার, কারাজীবনের ধৈর্যধারণ, আল্লাহর রাস্তায় বিপদ সহ্য করা, তাগুতগোষ্ঠীর বিরোধিতার মত উচ্চ গুণাবলী।

'যৌবনকালে আমি (তাঁর ত্রুটি) সন্ধান করেছি, কিন্তু এমন কোনো ত্রুটিপূর্ণ কাজ আমি পাইনি, যা দেখে কাপুরুষও লজ্জা পেতে পারে। রসনা সংবরণ ছিল তাঁর ভূষণ। তাঁর জীবনাদর্শকে কলুষিত করে, এমন ছোটলোকি বাক্যালাপ তিনি পরিহার করে চলতেন সচেতনভাবে'।

অতঃপর তিনি কারাজীবনে স্বামীর দৃঢ়তা, তাগুতগোষ্ঠীর প্রতি তাঁর ও অন্যান্য সঙ্গী-সাথীদের অনমনীয়তার বিষয়টি তুলে ধরেন।

'কত রকম কূট-কৌশল করে তারা ক্লান্ত হয়ে গিয়েছে তবুও সুদৃঢ় প্রাচীরে তারা সামান্যই ফাটল দেখতে পেয়েছে। সেই অটুট প্রাচীরের ভেতর এমন একদল সিংহ রয়েছে, যারা অবর্ণনীয় নিপীড়নের শিকার হয়েও একটি শব্দ অথবা কিছুটা নম্রতা'র মাধ্যমে আপসকামিতা'র জঘন্য পাপকে ছুঁড়ে ফেলেছে'।

অতঃপর তিনি নিজ অভ্যাসমতো এমন কিছু কবিতার দ্বারা দুঃখ ও বিরহের এই কবিতামালা সমাপ্ত করলেন, যা প্রতিশ্রুতির প্রতি আস্থা ও নির্ভরতারকে বাড়িয়ে দেয়।

'আমি বেঁচে আছি কারণ নিরাপদ ভবিষ্যতের জন্য আমি আপনাদের পথকে উত্তম পথ হিসেবে বুঝতে পেরেছি। সেখানে আমি আপনাদের সঙ্গে মিলিত হব। সাক্ষাৎ ঘটবে ভাইজান সাইয়্যেদের সঙ্গে। মনোরম উদ্যান আর চিত্তাকর্ষক নহরের সমাবেশে। আমি এখন থেকে আপনাদের উভয়ের পদাঙ্ক অনুসরণ করে এগিয়েই যাব।
আর আল্লাহর কাছে কামনা, তিনি যেন আমার সাহায্যকারী হন'।

কিছু বেদনাদায়ক স্মৃতিচারণ:

এই এক গুচ্ছ কবিতায় ওই সময়টা প্রতিফলিত হয়েছে, স্থিতিপূর্ণ একরাতের যে সময়টায় তাঁর স্বামীকে ফাঁসি দেয়া হয়েছে; দুর্বৃত্তদের দুরাচার যে রাতটিকে কলুষিত করেছে।

'নিকষকালো অন্ধকার রজনীতে নিকৃষ্ট কাফের ও ঘৃণ্য গাদ্দারের দল যখন আমাদেরকে ধ্বংস করে দিলো, তখন মৃত্যু নিনাদের বুকফাটা আঘাতে রাতের নিস্তব্ধতা চিরে খানখান হয়ে গেলো'। এরপর মহীয়সী এই নারী তাঁর স্বামীর প্রতি সরকারের পীড়াপীড়ি ও চাপ প্রয়োগের বিষয়টি তুলে ধরেছেন: 'তারা পাহাড়সম ঈমান কিনে নিতে দরকষাকষি করল। কিন্তু অটুট ঈমান কারাগারের নিপীড়ন-বেদনাকে হারিয়ে দিল। এভাবেই আপনি সফল হয়ে গেলেন আর ঈমানের প্রতিদান হিসেবে স্থায়ী জান্নাত ছাড়া আর সবকিছুকে ছুঁড়ে ফেলে দিলেন। সেদিন থেকে আমি কখনো জীবন-মরণের মাঝে কোন পার্থক্য রেখা দেখতে পাইনি'।

এরপর তিনি পূর্ব অভ্যাস অনুযায়ী স্বামীকে প্রদত্ত প্রতিশ্রুতি ও অঙ্গীকার পূরণের প্রত্যয় পুনর্ব্যক্ত করছেন:

'এতকিছুর পরেও আমাদের মধ্যকার অঙ্গীকার সদা অটুট, নির্মল সত্য-বিশ্বাস আমাদের পূর্বের মতোই। তারা অনিষ্ট সাধনে উদ্যত হয়েছে কিন্তু আমাদের মৃত্যুমুখী শরীরের কয়েক ফোঁটা রক্ত ঝরানো আর কিছু মাটি মেশানো ছাড়া তাদের কি-বা লাভ হয়েছে? তাদের ক্রোধ উদ্রেকের জন্য এটুকুই যথেষ্ট যে, তাঁরা আল্লাহর আযাব এবং লাঞ্ছনাকর অপদস্থতার অঙ্গীকারপ্রাপ্ত। তাদের জন্য এটুকুই যথেষ্ট যে,

আল্লাহর অভিশাপ মানব সমাজের প্রত্যেক মালাউন দাম্ভিকের ওপর! অপরদিকে আমাদের জন্য এটুকুই যথেষ্ট যে, আমরা জগৎ স্রষ্টার প্রতি আমাদের অঙ্গীকার সামনে রেখে পথ চলছি'।

আল্লাহর নিয়ামতের সাগরে:

নিম্নের কবিতাগুলোতে লেখিকা দাওয়াত এবং জিহাদের পথে আমৃত্যু স্বামীর অবিচলতার বর্ণনায় ডুবে গেছেন। তিনি ফুটিয়ে তুলেছেন, তাঁর স্বামী কেমন করে বহু প্রতিকূলতা সত্ত্বেও এবং সুদীর্ঘ কারা জীবন কাটিয়ে এসেও এ পথ আঁকড়ে ছিলেন! কাসিদা'র শেষাংশে তিনি স্বামীর কাছে দোয়া চাচ্ছেন, যেন আল্লাহ তায়ালা তাঁর কাফেলা এবং ভাইজান সাইয়্যেদ কুতুবের কাফেলার সঙ্গে যুক্ত হওয়ায় তৌফিক তাকে দান করেন!

'আপনাদের কী হল, স্থায়ী আবাসের আকাশের দিকে ফিরে সর্বশক্তিমান দয়াময় মালিকের কাছে কামনা করছেন না, যেন তিনি আমার এই ভারী উৎকণ্ঠাকে হিসাবের দিন আমার মুক্তির কারণ বানিয়ে দেন! কারণ আমি তো এই অপেক্ষায় রয়েছি, তিনি তাঁর জান্নাতের ছায়ায় আমাকে আশ্রয় দেবেন আর জীবনের কাঁটাযুক্ত পথযাত্রার কষ্টগুলোকে মিটিয়ে দেবেন! উদ্বেগ-উৎকণ্ঠায় আমি আজ ক্লান্ত। বিচ্ছেদের তরবারী আমাকে ক্ষতবিক্ষত করে দুঃখের সাগরে ভাসিয়ে দিয়েছে'।

'মরীচিকার দেশ থেকে...তুমি কি দেখতে পাও আমাদের সম্মিলিত পথচলা'?

আমাদের মাঝে কে আছে, সুমিষ্ট স্বরে এই কাব্যমালার আবৃত্তি শোনেনি? সেই কবিতাগুচ্ছ, যা মহীয়সী এই নারী, স্বামীর শাহাদাতের তিন বছর পর রচনা করেছেন। সেখানে তিনি নিজ স্বামীর সঙ্গে কৃত অঙ্গীকারের কথা ব্যক্ত করেছেন।

'আমরা কি সত্যের পথে একই সঙ্গে যাত্রা করিনি? যাতে অকল্যাণের ভূমিতে কল্যাণ ফিরে আসে। আমরা অন্ধকার পথের অনুসারী তাগুতগোষ্ঠীর মোকাবেলা করেছি, যারা অপদস্থতার জিঞ্জির দিয়ে মানুষদেরকে দাস বানিয়ে রেখেছিল। যারা ব্যবহারিক জীবনাচার থেকে আল্লাহর দ্বীনকে দূরে সরিয়ে কেবল কিতাবের পাতায় কয়েকটি লাইনের ভেতর তা সঙ্কুচিত করে ফেলেছিল। আমরা কাঁটাযুক্ত পথে এভাবে যাত্রা করেছি যে, (জাগতিক) সমস্ত আশা-আকাঙ্ক্ষাকে বিসর্জন দিয়েছি'।

তিনি যথার্থই বলেছেন। এ পথে যে চলে, তাঁকে জাগতিক আশা-আকাঙ্ক্ষা বিসর্জন দিতে হয়। কিন্তু এমন ব্যক্তির পরিণাম হল, তাঁর আত্মা এমন প্রেমে মত্ত থাকে, পরলৌকিক এমন স্বপ্ন আর আশায় বিভোর থাকে, যেমনটা আল্লাহ নিজ বান্দাদেরকে ওয়াদা দিয়েছেন। লেখিকা অভিনব রচনাশৈলী দিয়ে প্রিয়তম স্বামীর বিয়োগ বেদনা ও বিরহ যাতনার চিত্র ফুটিয়ে তুলছেন। অতঃপর আরো অভিনব আঙ্গিকে নিজ অভ্যাস অনুযায়ী পূর্ব অঙ্গীকার ও প্রতিশ্রুতি পূরণের কথা নিজেকে স্মরণ করিয়ে দিচ্ছেন—

'আমার রাতে আর কখনো তিনি আলো হয়ে ফেরেননি। প্রদীপের সমস্ত আলো আজ নিভে গেছে। তবুও আমি পথ চলা অব্যাহত রাখব; আপনি যেমন অনমনীয়তার দ্যুতি ঠিকরে বের হওয়া চেহারায় আমার সামনে আসতেন, তেমনি কঠিন অবিচলতায়...

আমার শির সদা উন্নত থাকবে। দুর্বলতাবশত কোনো কথা বা জবাবে তা হবে না নত। অচিরেই আমার অবশিষ্ট রক্ত আমাকে সম্মুখ পানে এগিয়ে নেবে; যে রক্ত জীবন পথের প্রতিটি গলি-ঘুপচিকে আলো দিয়ে ভরিয়ে দেবে। আল্লাহর ইচ্ছায় জান্নাতের পাড়ে সেই অঙ্গীকারের বাস্তবায়নকারী হিসেবে আমার সঙ্গে আপনার সাক্ষাৎ হবে'।

শহীদদের জন্য কয়েকটি চরণ..
খালেদ এবং তার সঙ্গী-সাথীরা:

এই কাব্যমালা বীর মুজাহিদ শহীদ (আল্লাহ চাহেন তো আমরা তেমনটাই আশা করি) খালেদ স্তাম্বুলীর জন্য। মুজাহিদা লেখিকা এভাবেই এই বীর সেনা এবং তাঁর সঙ্গীদের জন্য কবিতা রচনা করেছেন, যারা মিশরকে স্বৈরাচারী সাদাতের হাত থেকে মুক্ত করে দেশ ও জনগণকে শান্তি উপহার দিয়েছিলেন।

'হে আকাশ! তুমি বিলাপ করো; শোকের গীত তুমি গেয়ে যাও। উচ্চ মর্যাদা এবং স্থায়ী আবাস জান্নাতের জন্য অঙ্গীকার পূরণের সময় হয়ে এসেছে। ইহুদিদের স্বার্থে নিরীহ মানুষ হত্যাকারী দাসগোষ্ঠীকে একদল যুবক অপদস্থ করেছে। একদল যুবক দূর থেকে এসেছে, যারা মর্যাদাবান মাবুদের দেয়া অঙ্গীকার অনুসরণ করে পথ চলেছে। তাঁরা, তাঁদের রক্তের বিনিময়ে স্থায়ী আবাস লাভের আশায় এমনটি করেছে। তাঁরা খোদাদ্রোহী দাসদের সামনে মাথা নত করেনি। তাঁরা হিংসুটে ক্রুসেডারদের মুখোশ উন্মোচন করে দিয়েছে। তাঁরা অনন্ত জীবনের অভিলাষীদের জন্য পথ রচনা করেছে। তারা এক মূল্যবান প্রতিশ্রুতি পূরণের লক্ষ্যে রক্ত ঝরিয়েছে'।

প্রতিশ্রুত বিজয়:

এই কবিতায় লেখিকা মুসলিম উম্মাহর কাছে এ বার্তা দিতে চাচ্ছেন যে, নিঃসন্দেহে বিজয়ের প্রকৃত পথ হল— জিহাদ এবং শাহাদাতের পথ। তিনি বলেন:

**

'তোমরা দ্বীনের গৌরবের পতাকা ছেড়ে গিয়ে যে পথে যে পন্থায়ই কোনো বিজয় আশা করো না কেন, তা হবে মরীচিকা। তাই তোমরা সঠিক পথে ফিরে এসো। নতুন করে পা ফেলো। এমন লড়াইয়ে অবতীর্ণ হও, যা কখনো পথ হারাবে না। মাবুদের এমন পতাকাতলে সমবেত হও, যেখানে কোন শিরক থাকবে না। কোষমুক্ত তরবারী উঁচু করে এগিয়ে চলো দুর্বার। আজান হাঁকো জিহাদের। আল্লাহর নৈকট্যপ্রাপ্তির ঘোষণা করো । কারণ এ পথই হলো বিজয়ের ও সম্মানের পথ। যেমনিভাবে খাইবার বিজয় ছিল আমাদের জন্য সাহায্য আর কাফেরদের জন্য লাঞ্ছনাকর দেশান্তর। আল্লাহর তরে জিহাদ ব্যতীত অপদস্থতার নিশানা দীর্ঘ যুগ ধরে থাকবে অনড় । তখন বিজয়ের স্লোগান হয়ে যাবে এমন এক প্রথা মাত্র, যুগ যুগ ধরে যা উপহাসের পাত্র বানাবে এই উম্মাহকে'।

আল্লাহ আমিনা কুতুবের উপর রহম করুন! তাঁর সকল ভাইদের উপর এবং প্রিয়তম স্বামীর প্রতি দয়া করুন!! আমরা আল্লাহর কাছে কামনা করি, তিনি যেন তাঁদের সকলকে নবীগণ, সিদ্দিকগণ এবং শহীদগণের সঙ্গে ফেরদৌসের শ্রেষ্ঠ ঠিকানায় একত্রিত করেন! আমীন।

(শেষ পর্ব)

শায়খ আইমান আয-যাওয়াহিরী হাফিযাহুল্লাহ’র সম্মানিত স্ত্রী

উমায়মা হাসান আহমাদ- এর লেখা আত্মজীবনীমূলক ধারাবাহিক রচনা

বিশুদ্ধ রক্তস্নাত আফগান

তারপর তাঁরা আমাদেরকে একটি বড় বাসে করে দ্রুত নিয়ে গেল। আমরা মেয়েদের খোঁজ করছিলাম। প্রতিটি বাড়িতে থেমে থেমে জিজ্ঞেস করছিলাম আর তারা বলছিল: এখানে কেউ নেই। অবস্থা দেখে অস্থিরতা আমাদের পেয়ে বসেছিল। সবার চোখ দিয়েই পানি ঝরছিল।

আমরা তাদের কথা জিজ্ঞেস করতে করতে দীর্ঘ পথ পাড়ি দিলাম। লোকেরা আমাদেরকে একটি বাড়ির কথা বলল। অতঃপর আমরা সে বাড়িতে যেয়ে পৌঁছলাম। তারা আমাদেরকে বলল: আপনারা ভেতরে প্রবেশ করুন, মেয়েরা ভেতরে আছে। আমরা সকলে খুব ভীত-সন্ত্রস্ত ছিলাম। তাই আমরা বাইরে থেকেই ডাকতে লাগলাম: ও হাজের..., ও ঈমান..., ও নাবিলা...., ও খাদিজা....।

আমরা তাদের আওয়াজ শুনতে পেলাম। তারা আমাদের দিকে দৌঁড়ে এলো। আর সকলেই জিজ্ঞেস করল: আমার মা কোথায়? আমার বাবা কোথায়? আমার ভাইয়েরা কোথায়? আমরা তাদেরকে বললাম: তোমরা অস্থির হয়ো না। তাঁরা সকলেই এসে পৌঁছাবেন ইনশা আল্লাহ। আমরা দীর্ঘ রাত্রি পর্যন্ত এ বাড়িতে অপেক্ষা করলাম এই আশায় যে, হয়ত আল্লাহ অবশিষ্টদেরকে বাঁচাবেন।

আমরা আশায় ছিলাম, হয়ত আল্লাহ পুরুষ ও বড় ছেলেদের কাউকে বাঁচাবেন, ফলে আমাদের অন্তরগুলো প্রশান্ত হবে। কিন্তু তাঁরা সকলেই আল্লাহর পথে নিহত হলেন। আল্লাহর নিকট সর্বাধিক মর্যাদা লাভ করলেন। আমরা তাদের ব্যাপারে এ ধারণাই পোষণ করি। তবে, আল্লাহই তাদের প্রকৃত হিসাবরক্ষক। সকাল হওয়ার পর আরব ভাইয়েরা এসে বলল: চলুন আমরা অন্যস্থানে যাই। আমরা খুবই বেহাল অবস্থায় ছিলাম। আমাদের কারো পায়ে জুতা ছিল না। আমাদের সকলের পোষাকগুলো বারুদ, রক্ত ও ছোট বাচ্চাদের পেশাবে ভরা ছিল। আমাদের সাথে ডক্টর আয়মানের ছোট মেয়ে আয়েশা ছিল। তারা তাকে কতগুলো ভগ্নাবশেষ থেকে বের করেছিল। তার উভয় হাঁটুতে আঘাত লেগেছিল। এক হাঁটু ভাঙ্গা, আরেকটি আহত। তাই তারা তাকে হাসপাতালে নিয়ে গিয়েছিল। ডাক্তাররা তার উভয় পা বেঁধে দিল। তারা আমাদের নিয়ে খোস্তের পথ ধরল। রাস্তায় আমরা অনেক গাড়ি দেখতে পেলাম। মানুষ বলাবলি করছিল: রাস্তা বন্ধ, আমরা রাস্তার শেষ পর্যন্ত যেতে পারব না। তাই, তারা আমাদেরকে রাস্তার পাশের একটি বাড়িতে থামাল। আমাদের সাথে আমাদের বন্ধুবর কিছু আরব পরিবারও থামলেন। তাঁরা আমাদের অবস্থা দেখে প্রচন্ড বিস্মিত হলেন। আমাদেরকে জিজ্ঞেস করলেন: আপনাদের কী হয়েছে? আমরা যা ঘটেছে তা তাঁদের নিকট বর্ণনা করলাম। তাঁরা এগুলো কিছুই জানতেন না। আমাদের জন্য প্রচন্ড কষ্ট পেলেন তাঁরা।

অতঃপর ডক্টর আয়মানের ছোট কণ্যা আয়েশার জন্য ভাইয়েরা ঔষধ আনল। কিন্তু আমরা লক্ষ্য করলাম, তার মাথাও একটু ফুলে গেছে। তাই, আমরা তার ব্যাপারে শঙ্কিত হলাম। সে এক অসহায় মেয়ে, নিজ স্থানেই ঘুমিয়ে ছিল। মাঝে মাঝে তার মা'র সম্পর্কে জিজ্ঞেস করছিল। তার সাথে তার দুই বোন ছিল। তারা তার সেবা করছে। সন্ধ্যাবেলা সে ঘুম থেকে উঠে কাঁদতে লাগল। আমি ও তার বড় বোন নাবিলা তার নিকট দৌঁড়ে আসলাম। সে বমি করতে লাগল। বমির সাথে ছিল রক্ত। আমরা তার অবস্থা দেখে খুব পেরেশান হয়ে গিয়েছিলাম। সকাল বেলা, যেটা ছিল রমজানের প্রথম দিন। আমরা ভাইদেরকে বললাম: আয়েশা তো ক্লান্ত। তারা বলল: আমরা শীঘ্রই তাকে ডাক্তারের কাছে নেওয়ার জন্য গাড়ি নিয়ে আসব। কিন্তু যে বাড়িতে আমরা অবস্থান করেছিলাম, সে বাড়ির লোকজন আমাদের সকলকে বাড়ি থেকে তাড়িয়ে দিল। কারণ তারা ভয়ে ছিল, পাছে তাদের ঘরে বোম্বিং হয়! আমরা দিনের দীর্ঘ সময় পাহাড়ের উপরে মহা সড়কে বসে থাকলাম। তারপর আমরা সেখানে একটি ঘর পেয়ে তাতে প্রবেশ করলাম। সেখানে আয়েশাকে রাখলাম।

কিন্তু আকস্মিক উক্ত ঘরের মালিক মহিলা চেঁচিয়ে উঠে বলল: এ ঘর আমার। আপনারা বের হোন। আমরা তাকে বললাম: শুধু ছোট বাচ্চাদেরকে বসাই...। অগত্যা সে অনিচ্ছা সত্ত্বেও সম্মত হল। যখন যোহরের সময় হল, আমরা পাহাড়ে চলতে চলতে অযুর পানির সন্ধান করলাম। একটি পানির নলকূপ পেয়ে গেলাম। আমরা সকলে সেখানে অযু করে যোহর ও আসরের নামায একত্রে পড়লাম।

আসরের নামাযের পর ভাইয়েরা আসল আমাদেরকে ভিন্ন স্থানে নিয়ে যাওয়ার জন্য। তাদের সঙ্গে ছিল কয়েকটি গাড়ি। তারা আমাদেরকে বলল: আপনারা প্রস্তুত হোন। সফর অনেক দীর্ঘ হবে।

তাই আমরা দ্বিতীয়বার নেমে অযু করে নিলাম। আমরা গাড়িতে উঠার সময় ভাইয়েরা বলল: আপনারা দ্রুত গাড়িতে উঠুন। আমরা তাদেরকে বললাম: ডক্টর আয়মানের কন্যা আয়েশা পাহাড়ের উপরে একটি কামরায় আছে। সে আহত, তাকে নিয়ে আসা জরুরী। তখন জনৈক ভাই বলল: আমি তাকে নিয়ে আসছি। আপনারা গাড়িতে আমার স্ত্রীর সাথে বসুন।

আমরা গাড়িতে বসে অপেক্ষা করতে লাগলাম। ভাইটি একটু বিলম্ব করে ফিরে আসল। তার সাথে আয়েশা নেই। আমরা বিস্মিত হলাম। তার স্ত্রীকে বললাম: মেয়েটি আহত। তাকে আমাদের সাথে নিয়ে আসা জরুরী। সে কোথায়? তখন ভাইটি আমাদেরকে বিভিন্ন উপদেশ দিতে লাগল: আপনারা হলেন ধৈর্যশীল। আয়েশা ছোট্ট মেয়ে। সে গভীর আঘাতপ্রাপ্ত ছিল। আলহামদুলিল্লাহ! সে তার মায়ের সঙ্গে মিলিত হয়ে গেছে। তার জন্য মোবারকবাদ। আজ জুমার দিন, রমজানের প্রথম দিন। আমরা সকলে কান্নায় ভেঙ্গে পড়লাম। সে ভাই আমাদেরকে আল্লাহর কথা স্মরণ করিয়ে দিতে থাকল। তার স্ত্রীও কান্নায় ভেঙ্গে পড়েছে। রাস্তায় মাগরিবের আযান হল। আমরা কয়েকটি খেজুর ও পানি দিয়ে দিয়ে ইফতার করলাম। অতঃপর পূর্ণ পথ অতিক্রম করে পাহাড়ের চূড়ায় একটি বাড়িতে এসে পৌঁছলাম। গাড়িগুলো আমাদেরকে পাহাড়ের নিচে থামিয়ে দিল। আমরা পায়ে হেটে আরোহণ করতে লাগলাম। সারাদিনের ক্লান্তিতে এই পাহাড় আরোহণ করা আমাদের জন্য খুব কষ্টকর ছিল। তাই সময়ও অনেক বেশি লেগেছিল।

আমরা যখন ঘরে পৌঁছলাম, তখন কার্পেট বিছানো, হিটার জ্বালানো একটি বড় কক্ষ পেলাম। তারা আমাদের জন্য খানা উপস্থিত করল। আমাদেরকে সর্বোচ্চ সম্মান করল। এ বাড়ির মালিক বলত: আমি, আমার পরিবার, আমার ঘর এবং আমি যত কিছুর মালিক, সব কিছু আপনাদের জন্য উৎসর্গিত। আমার ভাই শহীদ (যেমনটা আমরা তার ব্যাপারে ধারণা করি) উসামা রহিমাহুল্লাহ ১১ সেপ্টেম্বরের পর ব্রিটেন থেকে কান্দাহারে এসে পৌঁছেছিলেন। কিন্তু আমি তাঁকে দেখিনি। তিনি যখন ঘটনা জানতে পারলেন, তখন আমার নিকট এই বাড়িতে আসলেন। তিনদিন আমার সঙ্গে থাকলেন। তারপর, ভাইয়েরা সকল নারী ও শিশুদেরকে পাকিস্তানে পাঠানোর সিদ্ধান্ত নিলেন। তাই, আমরা পাকিস্তানের উদ্দেশ্যে রওয়ানা হলাম। সফর ছিল দীর্ঘ ও কষ্টকর। পাকিস্তানী মুজাহিদগণ আমাদের সঙ্গ দিল। আমরা তাদের একজনের বাড়িতে অবস্থান নিলাম। কিন্তু সেখানকার পরিস্থিতিও ছিল খুব আশঙ্কাজনক ছিল। তাঁদের অনেক ভাইকে গ্রেফতার করা হয়েছিল। তাই পাকিস্তানী ভাইয়েরা আমাদের ব্যাপারে আশঙ্কা করলেন। তাঁরা আমাদেরকে মরুভূমিতে তৃণ নির্মিত একটি কুঁড়েঘরের উদ্দেশ্যে নিয়ে গেলেন। আমরা সেখানে অবস্থান করতে লাগলাম। সবকিছু জীবনের সাথে মানিয়ে নেওয়ার চেষ্টা করছিলাম। কিন্তু আমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ হল। ফলে, আরব ভাইয়েরা আমাদেরকে নেওয়ার জন্য একজনকে পাঠাল। তারপর আমরা ইরান সফর করলাম। সেখানে আমার ভাই উসামার সাথে সাক্ষাত হল। আল্লাহ তাঁকে কবুল করুন! তারপর ইরানে আমরা গ্রেফতার হলাম। দু'বছর পর আমরা সেখান থেকে পালিয়ে ওয়াযিরিস্থানে চলে আসলাম।

এ ঘটনার আরো বাকি আছে। কিন্তু আমি পাঠকদের সামনে আর দীর্ঘ করতে চাই না। মুজাহিদগণের জীবন অনেক ঘটনা ও বিপদাপদে ভরা। এর কোনো শেষ নেই, যতক্ষণ না আল্লাহ তাঁদের বিজয় দান করেন কিংবা তাঁরা শাহাদাত লাভ করেন। আমি আমাদের রবের নিকট প্রার্থনা করি, তিনি আমাদেরকে সুদৃঢ় রাখুন, শাহাদাত দান করুন, আমাদেরকে কবুল করে নিন, আমাদের প্রতি সন্তুষ্ট হয়ে যান এবং আমাদেরকে ও আমাদের সকল মুসলিম বোনদেরকে বন্দীত্ব থেকে নিরাপত্তা দান করুন। আমীন।

পরিশেষে আমি আমার মুজাহিদা, মুহাজিরা ও মুরাবিতা মুসলিম বোনদের উদ্দেশ্যে ছোট্ট একটি বার্তা দিয়ে আমার কথা শেষ করব। আমি তাঁদের উদ্দেশ্যে বলছি:

ধৈর্য, ধৈর্য। দৃঢ়তা, দৃঢ়তা। আমরা সকলেই যেন জেনে রাখি, বিজয় কেবল ধৈর্যের সঙ্গেই আছে। যেমন রাসূলুল্লাহ ﷺ বলেছেন: "যে কৃত্রিমভাবে ধৈর্য ধারণের চেষ্টা করে, আল্লাহ তাকে ধৈর্য দান করেন। যে অমুখাপেক্ষী থাকার চেষ্টা করে, আল্লাহ তাকে অমুখাপেক্ষী বানিয়ে দেন। যে হাত পাতা থেকে বেঁচে থাকার চেষ্টা করে, আল্লাহ তাকে বাঁচিয়ে দেন। আমি তোমাদের জন্য ধৈর্য থেকে ব্যাপক কোনো রিযিক দেখি না।"

তাই, হে আমার প্রিয় বোনেরা!
আল্লাহর পথে বিপদাপদে ধৈর্য ধারণ, আমাদেরকে জান্নাতে মহান আল্লাহর সঙ্গে এবং প্রিয় নবীজি মুহাম্মদ মুস্তফা ﷺ এর সঙ্গে সাক্ষাতে পৌঁছে দেবে ইনশাআল্লাহ। যেমন রাসূলুল্লাহ ﷺ বলেছেন: "জান্নাতকে পরিবেষ্টন করে রাখা হয়েছে অপছন্দনীয় বস্তুসমূহ দ্বারা। আর জাহান্নামকে পরিবেষ্টন করে রাখা হয়েছে আকর্ষণীয় বস্তুসমূহ দ্বারা।"

আমাদের মহান রব বলেছেন:

وَلَنَبْلُوَنَّكُم بِشَيْءٍ مِّنَ الْخَوْفِ وَالْجُوعِ وَنَقْصٍ مِّنَ الْأَمْوَالِ وَالْأَنفُسِ وَالثَّمَرَاتِ ۗ وَبَشِّرِ الصَّابِرِينَ * الَّذِينَ إِذَا أَصَابَتْهُم مُّصِيبَةٌ قَالُوا إِنَّا لِلَّهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُونَ * أُولَٰئِكَ عَلَيْهِمْ صَلَوَاتٌ مِّن رَّبِّهِمْ وَرَحْمَةٌ ۖ وَأُولَٰئِكَ هُمُ الْمُهْتَدُونَ

"আর আমি অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করব, (কখনো) ভয়-ভীতি দ্বারা, (কখনো) ক্ষুধা দ্বারা এবং (কখনো) জান-মাল ও ফসলহানী দ্বারা। যেসব লোক (এরূপ অবস্থায়) সবরের পরিচয় দেয়, তাদেরকে সুসংবাদ শোনাও। এরা হল, সেই সব লোক, যারা তাদের কোনো মুসিবত দেখা দিলে বলে উঠে, আমরা সকলে আল্লাহরই এবং আমরা তাঁর দিকেই ফিরে যাব। এরা সেই সব লোক, যাদের প্রতি তাদের প্রতিপালকের পক্ষ হতে বিশেষ করুণা ও দয়া রয়েছে এবং এরাই আছে হেদায়াতের উপর।"
[সূরা বাকারাহ,২: ১৫৫- ১৫৭]

তাই, যে-ই মহান আল্লাহর পথে পরীক্ষার সম্মুখীন হয় আর তাতে ধৈর্য ধারণ করে, তার জন্য আল্লাহর পক্ষ থেকে হেদায়াত ও রহমতের সুসংবাদ রয়েছে। আমাদের জেনে রাখা উচিত যে, এ যুদ্ধ অনেক দীর্ঘ। এটা হল ঈমান ও কুফরের মধ্যে এবং হক ও বাতিলের মধ্যে যুদ্ধ।

আমরা আমাদের সন্তানদের অন্তরে একথা বদ্ধমূল করে দেই যে, পূর্ব-পশ্চিমের ইসলামের শত্রুরা আমাদের অনিষ্ট ব্যতীত কিছুই চায় না। তারা চায়, আমরা যেন আমাদের দ্বীন ছেড়ে দিয়ে তাদের অনুসরণ করি।

যতদিন আমরা আমাদের দ্বীন আঁকড়ে থাকব, ততদিন তারা কিছুতেই আমাদেরকে ছাড়বে না। তাই আমাদের উপর আবশ্যক হল, আমরা আমাদের সন্তানদেরকে এ কথা আত্মস্থ করাব। তাদের হৃদয়ে আমেরিকা ও সেসকল কাফের ও পাপিষ্ঠ শাসকদের ব্যাপারে ঘৃণা বদ্ধমূল করে দিব - যারা আল্লাহর অবতীর্ণ বিধান ব্যতীত ভিন্ন বিধান দিয়ে শাসন পরিচালনা করে, মুসলিমদেরকে নির্যাতন করে এবং সম্পদ ছিনতাই করে।

পরিশেষে আমরা ঘোষণা করছি: সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি জগতসমূহের প্রতিপালক। আর আমাদের সরদার মুহাম্মদ ﷺ, তাঁর পরিবারবর্গ ও তাঁর সকল সাহাবীগণের উপর রহমত ও শান্তি বর্ষিত হোক! **(শেষ)**

যতদিন আমরা আমাদের দ্বীন আঁকড়ে থাকব, ততদিন তারা কিছুতেই আমাদেরকে ছাড়বে না। তাই আমাদের উপর আবশ্যক হল, আমরা আমাদের সন্তানদেরকে এ কথা আত্মস্থ করাব।



দুই মুজাদ্দিদ

উসামা বিন লাদেন ও আযযাম: পরস্পর সাংঘর্ষিক, নাকি ভিন্নধর্মী!

"আধুনিক জিহাদের দু'টি ধারা: বিন লাদেন ও আযযাম" শীর্ষক ধারাবাহিক প্রবন্ধের উপর কিছু আপত্তি

দ্বিতীয় আসর: ইমাম আযযাম ও বিন লাদেন ইমামদ্বয়ের হত্যা ও তাকফীরের মাসআলাসমূহ

খাত্তাব বিন মুহাম্মদ আল-হাশিমী

পূর্ববর্তী আসরে আমি দুই শহীদ ইমাম- উসামা বিন লাদেন ও আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর কর্মপন্থা নিয়ে আলোচনা করছিলাম। তাঁদের কিছু ফিকহী দৃষ্টিভঙ্গি, আকিদাগত অবস্থান এবং বিশেষ করে ইসলামিক কাজে তাঁদের সংস্কার ও আন্দোলনের রূপ-রেখা তুলে ধরেছিলাম। সেখানে আমি তাদের উভয়ের বক্তব্যের উদ্ধৃতি দিয়ে এবং যুক্তির মাধ্যমে প্রমাণ করেছি যে, তাদের ফিকহী, আকিদাগত ও প্রশিক্ষণমূলক দৃষ্টিভঙ্গি এক। আর সংস্কার ও আন্দোলনের দিক থেকেও তাঁদের দৃষ্টিভঙ্গি প্রায় সামঞ্জস্যপূর্ণ। যদিও সংস্কারের বিভিন্ন ধাপের আবশ্যকীয় কিছু কৌশল ভিন্ন ভিন্ন।

তবে তারা যেমনিভাবে ব্যক্তি হিসাবে ভিন্ন, তেমনি সৃষ্টিগত গঠন, জ্ঞান ও বিভিন্ন প্রকার মূল্যবোধের ক্ষেত্রেও ভিন্ন। যেমন আযযাম হলেন একজন আল্লাহ ওয়ালা আলেম, ফকীহ ও দাঈ। যিনি পথপ্রদর্শন, দিকনির্দেশনা ও অনুপ্রেণা দান করতেন। আর বিন লাদেন হলেন একজন সামরিক কমাণ্ডার। আধুনিক জিহাদের একজন ধনবান অর্থায়নকারী। অর্থনীতি ও ম্যানেজমেন্টে বিশেষজ্ঞ।

আর উভয়েই নিজেদের জান, মাল, সময়, পরিশ্রম এবং সন্তান-সন্ততি ও পরিবার-পরিজন আল্লাহর পথে বিসর্জন দিয়েছেন। আমরা তাঁদের ব্যাপারে এমনটা ধারণা রাখি, কিন্ত আল্লাহর উপর কারো পরিশুদ্ধি বর্ণনা করি না।
অতঃপর সেখানে এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে, বিন লাদেন, শায়খ আযযামের দু'বছর আগে আফগানিস্তানে গিয়েছিলেন। সেখানে ১৪০০ হিজরীতে আনসার ক্যাম্প প্রতিষ্ঠা করেন এবং নিজ সাথীদের নিয়ে আফগান মুজাহিদগণের সাথে মিলে আফগানিস্তানের অভ্যন্তরে যুদ্ধে শরীক হন।

আর ইমাম আযযাম রহিমাহুল্লাহ প্রথমদিকে মনে করতেন, আরবদের জন্য স্বতন্ত্রভাবে যুদ্ধে অংশগ্রহণ না করাই উত্তম। তবে সর্বোচ্চ প্রস্তুতি, প্রশিক্ষণ গ্রহণ ও আফগান মুজাহিদগণের সাথে দলীয়ভাবে যুদ্ধে অংশ গ্রহণ করা যায়। কিন্তু শায়খ বিন লাদেন যে পদ্ধতিতে চেয়েছিলেন, তথা বিভিন্ন দলের মাঝে আরব মুজাহিদগণের একটি স্বতন্ত্র প্লাটফর্ম রাখা এবং আফগান মুজাহিদগণের পাশে তাঁদের জন্য আলাদা ক্যাম্প বানানো- সেভাবে নয়। উভয় ইমামের দৃষ্টিভঙ্গির বিভিন্ন দিকের মাঝে ভিন্নতা থাকা সত্ত্বেও শায়খ ইবনে লাদেন রহিমাহুল্লাহ,, শায়খ ফকীহ আযযামের মর্যাদার প্রতিও পরিপূর্ণ খেয়াল রাখতেন এবং মতপার্থক্যের শিষ্টাচারের ব্যাপারে সম্যক অবগত ছিলেন। একারণেই শায়খ ইবনে লাদেনের নেতৃত্বাধীন আনসার ক্যাম্প থাকা সত্ত্বেও তিনি শায়খ আযযামের নেতৃত্বাধীন পরিচালিত সেবা প্রতিষ্ঠানেরও প্রধান অর্থায়নকারী ছিলেন।

শায়খ ইবনে লাদেন ও তাঁর সাথীগণ জাজির যুদ্ধগুলোতে সফলতা অর্জন করলেন। এবং আল্লাহর তাওফিকে তাঁরা আফগানিস্তানে রাশিয়ার স্পেশাল বাহিনীকে শোচনীয়ভাবে পরাজিত করেন। তাঁদের বিরাট সংখ্যককে হত্যা করেন। অতঃপর শায়খ আযযামও যৌথ সামরিক কার্যক্রম এবং আরবদের পৃথক কার্যক্রমের প্রয়োজনীয়তা অনুভব করলেন। সেই সঙ্গে যুদ্ধের ময়দানগুলোতে অব্যাহত সামরিক সহযোগীতা করে যাওয়া, পেশওয়ারে মানবিক সেবামূলক কার্যক্রম চালিয়ে যাওয়ারও সিদ্ধান্ত নিলেন। ইমাম আযযাম রহিমাহুল্লাহ বৃদ্ধ হওয়া সত্ত্বেও এই যামানায় জিহাদের ময়দানে এমন ত্যাগ, বিসর্জন ও কুরবানী পেশ করেছেন, যা অন্য কেউ করেনি। তিনি নিজে মুজাহিদগণের সঙ্গে যুদ্ধে শরীক হওয়ার জন্য দীর্ঘ পথ ও উঁচু উঁচু পাহাড়গুলো অতিক্রম করতেন। ইমাম আযযাম রহিমাহুল্লাহ নিজে স্বশরীরে যুদ্ধের ময়দানে অবতীর্ণ হয়েছেন। তাই তিনি নিজের মাঝে ইলম এবং যবান ও অস্ত্রের মাধ্যমে জিহাদকে একত্রিত করেছিলেন। উপরন্তু আল্লাহর পথে দাওয়াত ও মানুষকে তালিম দানের ক্ষেত্রেও তাঁর বিরাট মেহনত ছিল।

আমরা এই সাক্ষ্য দেই এবং বিশ্বাস করি যে, ইমাম আযযাম রহিমাহুল্লাহ মুসলিম জাতির জন্য এমন ত্যাগ স্বীকার করেছেন, যা তাঁর যুগে অন্য কেউ করেনি। তিনি আমাদের যামানার জন্য আব্দুল্লাহ ইবনে মুবারক তুল্য ছিলেন। যদি আযযাম না হত, তাহলে হয়ত ইবনে লাদেনের পরিচয়ই শুনতে পেতাম না। এটি একটি সত্য সাক্ষ্য, যেটা আমরা আল্লাহর জন্য, মুসলিম উম্মাহর জন্য এবং সত্য ইতিহাসের জন্য বলছি। কেউ এই বাস্তবতা লুকাতে চাইলে আমরা তার প্রতি ভ্রুক্ষেপ করি না।

আল্লাহ তায়ালা ইমাম আযযাম এবং তাঁর উত্তরসূরী ও ছাত্র ইমাম ইবনে লাদেনের প্রতি রহম করুন। এ আলোচনার মাধ্যমে পাঠকের নিকট সেই ঐতিহাসিক ভুলটি স্পষ্ট হয়ে যাবে, যা "আধুনিক জিহাদের দু'টি ধারা: ইবনে লাদেন ও আযযাম" নামক প্রবন্ধের লেখক তার নিম্নোক্ত বক্তব্যে কতিপয় লোকের ব্যাপারে উল্লেখ করেছেন:

"কেউ কেউ মনে করেন যে, জিহাদের ক্ষেত্রে, বিশেষ করে আন্তর্জাতিক জিহাদের ক্ষেত্রে ইবনে লাদেন ও আলকায়েদার নীতিমালা মূলত আব্দুল্লাহ আযযামের দৃষ্টিভঙ্গিরই ঐতিহাসিক ও ধারাবাহিক বিকাশ। কিন্তু অন্যরা মনে করেন, উভয় ধারার চিন্তা ও কর্মপদ্ধতির মাঝে বিস্তর ব্যবধান। উভয়টা সম্পূর্ণ বিপরীত, পরস্পরের মাঝে কোনো সম্পর্ক নেই।"

সঠিক কথা হল, জাজির যুদ্ধগুলোতে সফলতা লাভ করার পর ইমাম আযযামের পূর্ববর্তী দৃষ্টিভঙ্গি, যেটাকে লেখক জিহাদুল মুনাসারাহ (সহযোগীতামূলক জিহাদ) বলে অভিহিত করেছেন- তা পরিবর্তিত হয়ে তার শিষ্য ইবনে লাদেনের দৃষ্টিভঙ্গিতে রূপ নেয়, যেটাকে ওই লেখক জিহাদুল মুহাজারাহ (হিজরতের জিহাদ) বলে অভিহিত করেন। আল্লাহ উভয় শায়খকে কবুল করুন!

অবশেষে যে কর্মপদ্ধতির উপর উভয় ইমামের মত স্থির হয়, তা হল, প্রাচ্য-পাশ্চাত্যের সকল আন্তর্জাতিক কুফরী প্রভাব থেকে স্বাধীনতা লাভের জন্য সমস্ত মুসলিম জাতিকে সামরিক বানাতে হবে।

উভয় শহীদ ইমামই সেই নিম্নমুখী দাওয়াতের তীব্র নিন্দা করতেন, যা কতিপয় আত্মসমর্পণবাদী ও 'হস্ত সংবরণ করো" শ্লোগান উঁচুকারী জামাত দিয়ে থাকে, যার উদ্দেশ্য হল মুসলিম জাতিকে কাফেরদের পোষ্য বানানো এবং তাদের অন্তরে অস্ত্র ধারণ ও ইসলামী আত্মমর্যাদায় জ্বলে উঠার সংকল্প নষ্ট করে দেওয়া। বরং তাঁরা মানুষকে উৎসাহ দিতেন ইজ্জতকে আদর্শ বানাতে এবং মর্যাদাকে ধর্ম বানাতে। পক্ষান্তরে "হস্ত সংবরণ করো" শ্লোগানের প্রবক্তাদের অবস্থা বুঝার জন্য বুদ্ধিমান লোকেদের এ বিষয়টি চিন্তা করাই যথেষ্ট যে, তারা যেকোনো সামরিক বিপ্লবের আওয়ায শোনার সাথে সাথেই অবচেতনভাবে বিবেক ও প্রকৃতির ভাষণের দিকে ফিরে যায়। তখন তাদের চিন্তা থেকে দেশীয় সহমর্মিতা ও শান্তিপূর্ণ সহাবস্থানের কথাগুলো একেবারে উড়ে যায়। তখন তাদের ঘোষকরা জিহাদ ফরজ হওয়ার, দেশ রক্ষার জন্য অস্ত্র ধারণ করার এবং যাদেরকে এক সময় দেশীয় সেনাবাহিনী বলে আখ্যা দিত, তাদেরই বিরুদ্ধে যুদ্ধ করার এবং যাদেরকে এক সময় দ্বীনী ভাই ও দেশীয় ভাই বলত তাদেরই রক্তপাত করার আহ্বান করতে থাকে। আমরা এমনটাই দেখেছি সর্বশেষ তুর্কি বিদ্রোহের সময়। বর্তমানেও দেখছি হতভাগা হাফতার বাহিনীর লিবিয়ায় প্রবেশ করার ব্যাপারে। আর ইতিহাস ভবিষ্যতেও প্রতিটি গোলযোগপূর্ণ অবস্থায় তাদের মত লোকদের এহেন অবস্থা প্রত্যক্ষ করতে থাকবে।

অতঃপর আমি জিহাদ, রাজনীতি, হত্যা ও তাকফীরের মাসআলাগুলোতে ইমাম আযযামের নীতি-আদর্শ আলোচনার মাধ্যমে আমার প্রবন্ধটির ইতি টেনেছি। সেখানে আমি আধুনিক উদ্দেশ্যবাদীদের বক্র আদর্শও স্পষ্ট করে তুলেছি।

এখানে আরেকটি বিষয়ের প্রতি ইঙ্গত করা সমস্যা মনে করি না, তা হল: ইসলাম ও মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে জড়িত লোকদের কুফরী জনসম্মুখে সুস্পভাবে বলার বিষয়টি নির্ভর করে জনসম্মুখে তাদের তাকফীরের কথাটি বলা ও প্রচার করা দ্বারা কী উপকার বা অপকার হবে তার উপর। তবে শর্ত হল, আল্লাহর জন্য মানুষের মাঝে সত্য কথা উচ্চারণকারী লোক থাকতে হবে এবং অন্তরে ইসলামের বিরুদ্ধে যুদ্ধকারী এ সকল লোকদের কাফের হওয়া ও ইসলাম থেকে বের হওয়ার বিশ্বাসও রাখতে হবে। তা না করে উল্টো তাদের তোষামোদ করা, মানুষকে তাদের হাতে বাইয়াত গ্রহণ করার আহ্বান করা বা সুস্পভাবে তাদেরকে ইসলামের রক্ষক ও আমির বলা এবং তাদের কথা শোনা ও মানাকে ফরজ সাব্যস্ত করা আদৌ গ্রহণযোগ্য নয়। কিন্তু আরেকটি বিষয় লক্ষণীয়। তা হচ্ছে: এ সকল তাগুতদের কুফরী জনম্মুখে বলার মাঝে এত এত দ্বীনী স্বার্থ রয়েছে, যার মাধ্যমে কুরআন-হাদিসে বর্ণিত অনেক শরয়ী উদ্দেশ্য বাস্তবায়িত হয়। জিহাদকারীগণ ও রণাঙ্গনের উলামাগণ শরীয়তের উদ্দেশ্য ও রহস্যাবলীর প্রতি দৃষ্টি দেওয়া এবং সেগুলো নিয়ে গবেষণা

করার বিরোধিতা করেন না। তাঁরা প্রগতিশীল উদ্দেশ্যবাদীদের যে বিষয়টির সমালোচনা করেন, তা হল: ফিকহী উদ্দেশ্যসমূহ হতে সাদৃশ্যপূর্ণ ও অস্পষ্ট বিষয়গুলোকে ইবাদতের মূল বস্তু বানানো। বিশেষ করে যে সকল কথিত উদ্দেশ্যগুলো সামাজিক ফিকহী আহকামগুলোকে অকার্যকর ও বাতিল করে দেয়। অতঃপর সেগুলোকে শরীয়তের সুস্পষ্ট মুহকাম দলিলগুলোর সাংঘর্ষিক বানানো এবং শরীয়তের উদ্দেশ্যের কথা বলে ফিকহ ও ফিকহের কিতাব সমূহ থেকে বহু দূরে চলে যাওয়া। আর উদ্দেশ্যগুলোকে কোনো সুউচ্চ প্রাসাদে নিয়ে যাওয়া এবং একথা বলা যে, চার মাযহাব থেকে উত্তরাধিকার সূত্রে চলে আসা ফিকহও সে পর্যন্ত পৌঁছতে পারেনি।

একারনে ইমাম আযযাম, ইবনে লাদেন ও তাদের অনুসারীগণ শরীয়তের উদ্দেশ্যবালীর আলোচনাকে একেবারে অস্বীকার করেন না। কিন্তু তাঁরা, স্বয়ংসম্পূর্ণ দলিলসমূহ ও পূর্ববর্তী ফুকাহাগণের সংকলিত ফিকহ বাদ দিয়ে শুধু উদ্দেশ্যগুলোকেই বিধি-বিধানের ভিত্তি বানানোর বিরোধিতা করেন। আর এটাকে আমরা মনে করি, ফিকহের হাকিত ও মূল প্রাণ থেকেই বিচ্যুতি।

এটা ইসলামের সুস্পষ্ট ফিকহকে বিকৃতি সাধণ ও ধ্বংস করা। প্রকৃতপক্ষে তারা যে আধুনিক ও সমসাময়িক ফিকহের কথা বলে থাকে, তাদের কাজ তা থেকে বহু দূরে।

আসলে এই প্রগতিশীল উদ্দেশ্যবাদীরা কথিত উদ্দেশ্য অনুসন্ধানী ফিকহ ও এর মাধ্যমে অকাট্য বিধানগুলোকে অস্পষ্ট করার দিকে তখনই মনোনিবেশ করেছে, যখন দেখেছে যে, পূর্ববর্তী ইমামগণ ফিকহের শাখাগত মাসআলাগুলোরও বিস্তারিত ও সুনির্দিষ্ট মূলনীতি বলে গেছেন। এবং তা বুঝার পদ্ধতি, উদঘাটনের নীতিমালা এবং কিয়াস ও কারণ নির্ণয়ের সূত্রসমূহও বলে গেছেন। উপরন্তু তারা শরীয়তের উদ্দেশ্য ও উৎস বুঝার ক্ষেত্রেও গভীরে পৌঁছেছিলেন।

যাইহোক, আমি এখন যা কিছু লিখলাম, তা একমাত্র ওই সকল লোকদের সংশয় দূর করার জন্য, যারা জিহাদী শায়খ ও উলামাদেরকে এই অপবাদ দেয় যে, তাঁরা উম্মতকে জাগিয়ে তোলার জন্য যে স্বশস্ত্র ও জিহাদী আন্দোলন করছেন, তাতে শরীয়তের লক্ষ্য-উদ্দেশ্যের প্রতি দৃষ্টি দেননি। এবং তাঁরা এ ব্যাপারে অজ্ঞ। এখন আমি "কালিমাতু হক" পত্রিকার লেখকের প্রবন্ধগুলোর ব্যাপারে আপত্তিমূলক আলোচনার দ্বিতীয় আসরে পুর্বোল্লেখিত বিষয়টি, অর্থাৎ উভয় ইমামের ফিকহী ও প্রশিক্ষণ মূলক নীতিমালা যে এক ও অভিন্ন ছিল, বিশেষ করে মুসলিম দেশগুলোতে শত্রুর আগ্রাসনের মুহূর্তে, সে আলোচনাটি পূর্ণ করব ইনশা আল্লাহ। আর উক্ত লেখক তাদের মাঝে যে পার্থক্যগুলো বর্ণনা করেছেন, সেগুলোর ব্যাপারেও আলোচনা করব ইনশা আল্লাহ। কিন্তু আমি একটি নীতিগত ও যৌক্তিক বাস্তবতার প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। তা হল ওই লেখকের উপস্থাপনাটি কোনো মানসম্পন্ন সমাধানমূলক আলোচনা বা স্বার্থক শাস্ত্রীয় গবেষণা থেকে বহু দূরে। লেখকের যে বক্তব্যটি আমার বিস্ময় সৃষ্টি করেছে তা হল, লেখক বলেছে:

সম্মানিত পাঠকদের দৃষ্টি আকর্ষণ করছি যে, অচিরেই কোনো গুণগত ও নির্ভরযোগ্য গবেষণার কাছে এই গবেষণাটি ম্লান হয়ে যাবে। এখানে আমি ওই সকল বিশ্লেষণের দিকে যাইনি, যেগুলোর এখানে সুযোগ নেই।

তাই, বিশুদ্ধ গুণগত গবেষণা ও সুস্থ নির্ভরযোগ্য বিতর্ক এটাই বলে যে, এ দুই ব্যক্তির মাঝে সঠিক তুলনা তখনই হবে, যখন উভয়ের অবস্থা, পরিস্থিতি, কাল ও কাজের স্থান এক হবে। এটা হবে একমাত্র ১৪০৯ হিজরী পর্যন্ত উভয়ের ভিন্নতা ও একতার স্থানগুলো নিয়ে গবেষণা করলে, কিন্তু উক্ত লেখকের গবেষণা ও প্রবন্ধটি এর থেকে সম্পূর্ণ মুক্ত। কারণ বস্তুনিষ্ঠ গবেষণা হলে এই কাল, স্থান ও অবস্থার ভিত্তিতেই সঠিক তুলনা করা সম্ভব। যেখানে উভয় ইমাম একজন অপরজনের সঙ্গে কাজ করেছেন। পক্ষান্তরে, এমন ঘটনাবলীতে তুলনা করা, যেগুলোতে একজন উপস্থিত ছিলেন না, আবার পূর্বের তুলনায় সময়, স্থান, যুদ্ধের বিস্তৃতি এবং যুদ্ধ-পরিস্থিতির ক্রমবিকাশের বিশাল ও গ্রহণযোগ্য পার্থক্যও আছে, সেখানে এই তুলনা করা গাছ থেকে কাঁটা পাড়ার মত।

আপনি আরো আশ্চর্য হতে পারেন উক্ত লেখক এবং অনুরূপ অন্যান্য লেখকদের এই দৃঢ় বক্তব্য দেখে যে: ইবনে লাদেন যে পথে চলেছেন, তথা মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধরত আমেরিকা, ইহুদী ও পশ্চিমা বিশ্বের সাথে প্রকাশ্য যুদ্ধের ঘোষণা দেওয়া এবং তাদেরকে হত্যার আহ্বান করা, এ পথে আব্দুল্লাহ আযযাম কিছুতেই চলতেন না। এবং তিনি কিছুতেই বিমান ছিনতাই করা এবং বড় বড় টাওয়ার, দূতাবাস ও এজাতীয় স্থাপনাগুলোর উপর বোমা হামলা করার নীতি গ্রহণ করতেন না। সম্ভবত এই লেখকের (আল্লাহ তাকে ক্ষমা করুন!) এই ওযর ছিল যে, সে ইমাম আযযামের শাহাদাতের দু'বছর পূর্বে তাঁর যে চিন্তাগত অভিমত ও আন্দোলনের নীতিমালা প্রকাশিত হয়েছিল, সেটার ব্যাপারে অবগত হয়নি। এ সকল চিন্তা ও দৃষ্টিভঙ্গিগুলো কেউ প্রকাশ করার পূর্বে সর্বপ্রথম শায়খই প্রকাশ করেছিলেন। কেউ তাঁর সর্বশেষ অডিও ও ভিডিও বয়ানগুলো শুনলেই সুস্পষ্ট ও পরিস্কারভাবে দেখতে পাবেন যে, তিনি তাঁর জিহাদী ভাষণগুলোতে কতটা নতুনত্ব এনেছিলেন। যার মাঝে তিনি বর্তমান ইসলামের যুদ্ধের হাকিকত ও তার দাবিসমূহ স্পষ্ট করেন। এবং সেই গভীর সংকটের কথা পরিস্কার করে বলেন, যার মাঝে মুসলিম জাতি এখন বসবাস করছে, তথা উম্মতের বর্তমান ও ভবিষ্যত বাস্তবতা বুঝার অভাব। যে-ই তার সর্বশেষ শিক্ষা আসর ও ভাষণগুলো শুনবে বা মনোযোগসহ তাতে কান লাগাবে, তার সামনেই এটা সূর্যের ন্যায় স্পষ্ট হয়ে যাবে।

একারণেই এবং এ সকল বিষয়গুলোর জন্যই ইহুদী ও ক্রুসেডাররা ইমাম আযযামের ভাষণগুলো বিকশিত হওয়ার ভয়াবহতা এবং উম্মতের অন্তরে তার গভীর প্রভাব পড়ার অবস্থা বুঝতে পেরেছিল। তাই ইহুদী ও ক্রুসেডাররা তাদের আরব কর্মচারীদেরকে, ইমাম আযযামকে গুপ্তহত্যা করার প্রয়োজনীয়তা বুঝালো।

যেন আফগানিস্তান থেকে সেভিয়েত ইউনিয়নের অপসারণ ও লাল ভাল্লুকদের বের হয়ে যাওয়ার পর তার পেশকৃত চিন্তা-ভাবনাগুলো উম্মতে মুসলিমার আরেকটি সংস্কারমূলক জিহাদী আন্দোলনে রূপ না নেয়। শত্রুরা যা চেয়েছিল তা পূর্ণও হল। শায়খ আযযাম রহিমাহুল্লাহ শহীদ হলেন। কিন্তু আল্লাহ ইমাম্ আযযামের প্রতিনিধিত্বকারী তাঁর একজন যোগ্য উত্তরসূরীকে দাঁড় করিয়ে দিলেন। সেই উত্তরসূরীই ছিলেন উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ। উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ, ইমাম্ আযযাম রহিমাহুল্লাহ যত সংস্কারমূলক, জিহাদী ও দাওয়াতী চিন্তা-ভাবনা ও দৃষ্টিভঙ্গি পেশ করেছিলেন, সবগুলো কার্যগতভাবে বাস্তবায়ন করেন। তাই নব্বইয়ের দশক থেকে বিন লাদেনের নেতৃত্বে আন্তর্জাতিক জিহাদের ভার্শনটি হল ইমাম আব্দুল্লাহ আযযামের মাযহাবেরই আমলী বাস্তবায়ন।

এ কারণে উক্ত লেখক বা কারো জন্যই যৌক্তিকভাবে ঠিক হবে না, ইবনে লাদেন ও ইমাম আযযামের মধ্যকার সে সকল ভিন্নতাগুলোকে মাপকাঠি বানানো, যেগুলো ইমাম আযযামের শাহাদাত বরণের পরে পরিস্থিতির পরিবর্তন ও লড়াইয়ের বিকাশের ফলে সৃষ্টি হয়েছে। এটা বুদ্ধিবৃত্তিক ও যৌক্তিকভাবে ঠিক নয়। কারণ মানুষ নিজস্ব পরিস্থিতি ও সে সময় যে সকল নতুন কারণ, প্রয়োজন ও উদ্দেশ্য দেখা দেয় তার আলোকেই কাজ করতে বাধ্য।

চতুর্থ আপত্তি:

বর্তমানে মানুষের মন-মানষিকতায় তাকফীরের মূলনীতি স্থির করা আর তাকফীরের হুকুম প্রয়োগ করা- দু'টি বিষয় এক হয়ে গেছে মর্মে অভিযোগ-

লেখক (আল্লাহ তাকে তার পছন্দনীয় ও প্রিয় কাজ করার তাওফিক দান করুন!) বলেছে:

আব্দুল্লাহ আযযামের (যিনি জামে আযহার থেকে উসূলে ফিকহ এর উপর ডক্টরেট ডিগ্রী অর্জন করেছেন) ছিল শাস্ত্রীয় মন-মানষিকতা। অর্থাৎ তিনি বিধি-বিধান উদঘাটনের বিভিন্ন পন্থা ও নীতিমালা এবং তা থেকে যত শাখাগত মাসআলা বের হয়, যেগুলো গ্রহণযোগ্য সুন্নী মাযহাবসমূহের ইখতিলাফের বিস্তৃত গণ্ডির ভিতরে পড়ে, তা জানতেন। আর নিঃসন্দেহে রাজনীতি এবং যুদ্ধ-জিহাদ সম্পর্কেও অনেক মাসআলা আছে। এজন্যই আপনি দেখতে পাবেন, তিনি বিভিন্ন প্রতিষ্ঠান, দল বা সংগঠনের অনুগত ব্যক্তিদের উপর ব্যাপকভাবে তাকফীরের হুকুম আরোপ করতেন না। বরং ব্যাখ্যার আশ্রয় নিতেন। বিশেষ করে তাকফীর ও হত্যার মাসআলাগুলোতে। যেগুলো ইবনে লাদেনের নিকট লক্ষণীয় ছিল না।

